



# ড্যাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭২ তম বছর  
 Founder: J.C.Paul Former Editor: Paritosh Biswas

JAGARAN ■ 72 Years ■ Issue-206 ■ 27 April, 2026 ■ আগরতলা ২৭ এপ্রিল, ২০২৬ ইং ■ ১৩ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ, সোমবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা



## কাল বৈশাখীর তাড়বে বিপর্যস্ত ধর্মনগর জোলাইবাড়ি, ঘরবাড়ি-বিদ্যুতের ব্যাপক ক্ষতি



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল ॥ দক্ষিণ ত্রিপুরার জেলা অন্তর্গত জোলাইবাড়ী পশ্চিম পিলাক কলোনি এলাকায় রবিবার (২৬ এপ্রিল ২০২৬) বিকেলে কালবৈশাখী বড়র তাড়বে ব্যাপক ক্ষয়ক্ষতির ঘটনা সামনে এসেছে। হঠাৎ করে আছড়ে পড়া ঝড়ের বিভিন্ন এলাকায় গাছ উড়ে পড়ে বাড়িঘর, সাস্তা এবং যানবাহনের উপর মারাত্মক প্রভাব ফেলে। স্থানীয় সূত্রে জানা যায়, কোথাও বাড়ির উপর গাছ ভেঙে পড়েছে, আবার কোথাও রাস্তাঘাট সম্পূর্ণভাবে অবরুদ্ধ হয়ে পড়েছে। ঝড়ের দাপটে বহু জায়গায় বিদ্যুতের খুঁটি ও তারের উপর গাছ পড়ায় বিদ্যুৎ পরিষেবা সম্পূর্ণভাবে ব্যাহত হয়েছে। বিশেষ করে পশ্চিম পিলাক কলোনি বাজার এলাকায় পরিষ্কৃতি সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে বলে জানা গেছে। এদিকে, জোলাইবাড়ী থেকে বিলোনিয়া যাওয়ার পথে টিআর০৮-০৫৯২ নম্বরের একটি ইকো গাড়ির উপর আচমকই একটি বড় গাছ ভেঙে পড়ে। এতে গাড়িটি সম্পূর্ণভাবে দুমড়ে-মুচড়ে যায়। সৌভাগ্যবশত বড় ধরনের প্রাণহানির খবর পাওয়া যায়নি, তবে ঘটনাটি এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি করেছে। গাড়ির চালক জানান, দুর্ঘটনার পর দীর্ঘ সময় কেটে গেলেও শান্তিরবাজার মহকুমার শাসকের দপ্তর থেকে ডিজাস্টার ম্যানজমেন্ট টিমকে খবর দেওয়া হয় এবং ঘটনাস্থলে এখনও পৌঁছেনি। পরে জোলাইবাড়ী ফায়ার সার্ভিসের কর্মীরা ৩৬ এর পাতায় দেখুন

## আগামী ২৪ ঘন্টায় রাজ্যে ঝড়বৃষ্টির সতর্কবার্তা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল ॥ ত্রিপুরার বিভিন্ন জেলায় আগামী কয়েকদিন বজ্রবিদ্যুৎসহ ঝড়বৃষ্টি ও দমকা হাওয়ার সম্ভাবনার কথা জানিয়েছে ভারতীয় আবহাওয়া দপ্তর (আইএমডি), আগরতলা কেন্দ্র। রবিবার সন্ধ্যায় জারি করা আবহাওয়া বুলেটিনে এই সতর্কবার্তা দেওয়া হয়েছে। আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, আগামী ২৪ ঘন্টায় রাজ্যের অধিকাংশ জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি এবং বজ্রসহ বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। কিছু কিছু জায়গায় ৪০-৫০ কিমি বেগে দমকা হাওয়া বইতে পারে এবং বজ্রবিদ্যুৎ সহ ঝড়ের পরিষ্কৃতি তৈরি হতে পারে। পরবর্তী কয়েকদিনেও এই আবহাওয়ার ধারা অব্যাহত থাকবে বলে পূর্বাভাস। বিশেষ করে উত্তর ত্রিপুরা, উনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম ত্রিপুরা জেলায় এক বা দুই জায়গায় ঝড়বৃষ্টি এবং দমকা হাওয়ার সম্ভাবনা বেশি। অন্য জেলাগুলিতেও ৩০-৪০ কিমি বেগে হাওয়ারসহ বজ্রঝড় হতে পারে। এছাড়া, উত্তর ত্রিপুরা ও উনকোটি জেলায় এক বা দুই জায়গায় ভারী বৃষ্টিপাত (৭-১১ সেমি) হওয়ার সম্ভাবনার কথাও জানানো হয়েছে। আবহাওয়া দপ্তর জানিয়েছে, আগামী ৫ দিনে রাজ্যের বিভিন্ন জায়গায় হালকা থেকে মাঝারি ৩৬ এর পাতায় দেখুন

## আজ এডিসির শপথ গ্রহণ অনুষ্ঠান বয়কট বিজেপির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল ॥ ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি নব নির্বাচিত সদস্যগণ আগামীকাল শপথ গ্রহণ করবেন। আজ বেলা ১১টায় খুমলুং-স্থিত এডিসির কাউন্সিলিং ডবনে শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। নবনির্বাচিত সদস্য সদস্যদের শপথ বাক্য পাঠ করাবেন আইন সচিব শংকরী দাস। এডিসির শপথগ্রহণ অনুষ্ঠান বয়কট করেছে বিজেপি। রবিবার এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা। তিনি বলেন, এডিসি নির্বাচনে জয়ী বিজেপির চারজন সদস্যের বিরুদ্ধে বিজেপির প্রেক্ষিতে বিজেপির পক্ষ থেকে ইতিমধ্যেই রাজ্যপালের কাছে অভিযোগ জানিয়ে ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি তোলা হয়েছে বলেও জানান তিনি। এদিকে, বিজেপির এই বয়কট সিদ্ধান্তকে কেন্দ্র করে রাজনৈতিক মহলে নতুন করে চর্চা শুরু হয়েছে। নির্বাচনোত্তর সন্ত্রাসের প্রতিবাদ জানাতেই এই বয়কটের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে দাবি করেন তিনি। রেবতী ত্রিপুরা আরও অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে এডিসি প্রশাসনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ উঠেছে। বিশেষ করে নির্বাচনী সময়ে নিয়মবহির্ভূতভাবে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে নিয়োগ করা হয়েছে বলে দাবি করেন তিনি। তাঁর অভিযোগ, কোনও স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া বা পূর্ব ঘোষণা ছাড়াই গোপনে এই নিয়োগ সম্পন্ন হয়েছে, যা গুরুতর অনিয়মের ইঙ্গিত দেয়। এই সমস্ত অভিযোগের প্রেক্ষিতে বিজেপির পক্ষ থেকে ইতিমধ্যেই রাজ্যপালের কাছে অভিযোগ জানিয়ে ঘটনার নিরপেক্ষ তদন্তের দাবি তোলা হয়েছে বলেও জানান তিনি। এদিকে, বিজেপির এই বয়কট সিদ্ধান্তকে কেন্দ্র করে রাজনৈতিক মহলে নতুন করে চর্চা শুরু হয়েছে। নির্বাচনোত্তর সন্ত্রাসের প্রতিবাদ জানাতেই

## এডিসি প্রশাসনের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে রাজ্যপালের দ্বারস্থ বিজেপি



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল ॥ টিটিএএডিসি প্রশাসনের বিরুদ্ধে একাধিক দুর্নীতির অভিযোগ তুলে রাজ্যপালের কাছে লিখিত অভিযোগ জানিয়েছে বিজেপির ত্রিপুরা রাজ্য কার্যনির্বাহী কমিটি। রবিবার এই মর্মে একটি স্মারকলিপি জমা দেওয়া হয়। টিটিএএ অভিযোগ করা হয়েছে, খুমলুং-এ টিটিএএডিসি প্রশাসনের আদর্শেই জানান, তাঁরা মাইক্রো ফাইন্যান্স সংস্থা থেকে ঋণ নিয়ে সংসার চালাচ্ছেন এবং সন্তানদের পড়াশোনা করচ্ছেন। কেউ গৃহ পরিচারিকার কাজ করে জীবিকা নির্বাহ করছেন। হঠাৎ উচ্ছেদের মুখে পড়ে তাঁদের জীবনে স্বচ্ছতার অভাব এবং আর্থিক শৃঙ্খলা ভঙ্গের দিকে ইঙ্গিত করছে বলেও উল্লেখ করা হয়েছে। এছাড়াও নির্বাচনী সময়ে নিয়মবহির্ভূতভাবে গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদে নিয়োগের অভিযোগ তোলা হয়েছে। অভিযোগ অনুযায়ী, কোনও প্রকার স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া বা প্রচার ছাড়াই গোপনে এই নিয়োগগুলি করা হয়, যা প্রাকৃতিক ন্যায়বিচারের পরিপন্থী এবং অর্থের বিনিময়ে চাকরি দেওয়ার সম্ভাবনার ইঙ্গিত দেয়। চিঠিতে আরও দাবি করা হয়েছে, প্রশাসনের সময়কালে নিয়মিত আর্থিক নিরীক্ষা (অডিট) প্রক্রিয়া মানা হয়নি। এর ফলে জনসেবার বিভিন্ন ক্ষেত্রে দুর্নীতি বৃদ্ধি পেয়েছে। এমনকি ভারতের মহা হিসাব নিরীক্ষক (সিএজি) এই বিষয়ে রাজ্য সরকারকে সতর্ক করেছিল বলেও উল্লেখ করা হয়েছে। এই পরিস্থিতিতে বিষয়টি খতিয়ে দেখতে নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে বিজেপি। পাশাপাশি টিটিএএডিসি এলাকার বাসিন্দাদের স্বার্থে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য রাজ্যপালের হস্তক্ষেপ কামনা করা হয়েছে।

## ট্রাম্পের উপর হামলার চেষ্টা সন্দেহভাজন আটক



গুয়াশাটিন, ২৬ এপ্রিল (আইএএনএস) ॥ হোয়াশিংটন হাউস করসপন্ডেন্টস' অ্যাসোসিয়েশনের বার্ষিক সন্মেলনকে গুলির শব্দ শোনার ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়ায়। নিরাপত্তা বাহিনীর তৎপরতায় মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পসহ উপস্থিত শীর্ষ আধিকারিকদের দ্রুত নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়। ঘটনায় তাৎক্ষণিকভাবে কোনও হতাহতের খবর পাওয়া যায়নি। প্রত্যক্ষদর্শীদের দাবি, অনুষ্ঠানের মধ্যে হঠাৎ ৫ থেকে ৮টি গুলির মতো শব্দ শোনা যায়। সঙ্গে সঙ্গে সিক্রেট সার্ভিস ও অন্যান্য নিরাপত্তা কর্মীরা হলঘরে ঢুকে পড়েন এবং উপস্থিতদের টেবিলের নিচে আশ্রয় নিতে বলেন। পরে সবাইকে দ্রুত বের করে দেওয়া হয় এবং এলাকা খিঁচ ফেলা হয়। পরে সামাজিক মাধ্যমে ট্রাম্প জানান, পরিস্থিতি নিয়ন্ত্রণে এসেছে এবং সন্দেহভাজনকে আটক করা হয়েছে। নিরাপত্তা বাহিনীর দ্রুত পদক্ষেপের প্রশংসাও করেন তিনি। ঘটনার পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে ট্রাম্প দেশবাসীর উদ্দেশ্যে একেবারে বার্তা দেন। তিনি বলেন, "আমাদের মত পার্থক্য মিটিয়ে ফেলতে হবে। পরিপালকানা, ডেমোক্র্যাট এবং নির্দল সকলেরই।" তিনি আরও বলেন, এই সংকটময় পরিস্থিতিতে অনুষ্ঠানে উপস্থিত সকলের মধ্যে এক ধরনের ঐক্য ও সহমর্মিতা দেখা গেছে। "আমি এমন একটি ঘর দেখেছি, যেখানে সবাই একসঙ্গে ছিল। এটা একভাবে খুবই সুন্দর," মন্তব্য করেন তিনি। ট্রাম্প জোর দিয়ে বলেন, রাজনৈতিক সহিংসতা গণতন্ত্রকে প্রভাবিত ৩৬ এর পাতায় দেখুন

## উচ্ছেদের নোটিশ ঘিরে অভয়নগরে উত্তেজনা, রাস্তা অবরোধ করে বিক্ষোভ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল ॥ স্মার্ট সিটি প্রকল্পের আওতায় অভয়নগরের কাটা খাল সংস্কারকে কেন্দ্র করে উচ্ছেদের নোটিশ জারি হওয়ায় এলাকায় তীব্র উত্তেজনা ছড়িয়েছে। রবিবার জিবি অভয়নগর রোডে, অভয়নগর ব্রিজ সংলগ্ন নদীর পাড়ে বসবাসকারী বাসিন্দারা রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করেন। জানা যায়, দীর্ঘদিন ধরে খালের পাড়ে বসবাস করে আসা বেশ কিছু পরিবারকে জায়গা খালি করার জন্য প্রশাসনের পক্ষ থেকে পর পর দুইবার নোটিশ দেওয়া হয়েছে। আগরতলা পুর নিগমের উদ্যোগে কাটা খাল সংস্কারের কাজ শীঘ্রই শুরু করার পরিকল্পনা নেওয়া হয়েছে। সেই লক্ষ্যেই সদর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে উচ্ছেদের প্রক্রিয়া শুরু হয়েছে। চরম সংকট তৈরি হয়েছে। বিক্ষোভকারীদের প্রেরণ, পুনর্বাসনের কোনও ব্যবস্থা ছাড়া তাঁরা কোথায় যাবেন। এই দাবিতে তাঁরা এদিন রাস্তা অবরোধ করে প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভ ৩৬ এর পাতায় দেখুন

## প্রশাসনিক হস্তক্ষেপে স্বাভাবিক হল রাজ্যের অন্যতম পর্যটন কেন্দ্র ছবিমুড়া

নিজস্ব প্রতিনিধি, অমরপুর, ২৬ এপ্রিল ॥ পরিচালনার দায়িত্ব ছিল সহায়ক দলের এডিসি নির্বাচনের ফল প্রকাশের পর রাজ্যের বিভিন্ন স্থানে দখলদারি নিয়ে উত্তেজনার আবহের মধ্যেই ত্রিপুরার অন্যতম পর্যটনকেন্দ্র ছবিমুড়া দেখা দেয় অশান্তি। তবে প্রশাসনের দ্রুত হস্তক্ষেপে বর্তমানে পরিষ্কৃতি স্বাভাবিক হয়েছে বলে জানানো হয়েছে। স্থানীয় সূত্রে খবর, গতকাল ত্রিপুরা মঞ্চা দলের কিছু কর্মী-সমর্থক ছবিমুড়া পর্যটনকেন্দ্রের বর্তমানে পরিষ্কৃতি স্বাভাবিক হয়েছে বলে জানানো হয়েছে। স্থানীয় সূত্রে খবর, গতকাল ত্রিপুরা মঞ্চা দলের কিছু কর্মী-সমর্থক ছবিমুড়া পর্যটনকেন্দ্রের বর্তমানে পরিষ্কৃতি স্বাভাবিক হয়েছে বলে জানানো হয়েছে। স্থানীয় সূত্রে খবর, গতকাল ত্রিপুরা মঞ্চা দলের কিছু কর্মী-সমর্থক ছবিমুড়া পর্যটনকেন্দ্রের বর্তমানে পরিষ্কৃতি স্বাভাবিক হয়েছে বলে জানানো হয়েছে। ৩৬ এর পাতায় দেখুন

## খালেদ হত্যাকাণ্ডে সাক্ষীকে প্রাণনাশের হুমকি ঘিরে উত্তেজনা

নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৬ এপ্রিল ॥ উত্তর ত্রিপুরার মঙ্গলখালি এলাকায় খালেদ আহমেদ হত্যাকাণ্ডের রেশ কাটতে না কাটতেই নতুন করে অশান্তির আবহ তৈরি হয়েছে। গত ২১ মার্চ ঈদের দিন সংঘটিত ওই নৃশংস হত্যাকাণ্ডে জড়িত ১০ অভিযুক্তের মধ্যে এখনও চারজন অধরা। ইতিমধ্যে ছয়জনকে থেপ্তার করলেও বাকি অভিযুক্তদের ধরতে পুলিশ তৎপরতা অব্যাহত রয়েছে। এই পরিস্থিতির মধ্যেই সামনে এসেছে আরও উদ্বেগজনক অভিযোগ। নিহতের ভায়ে ও মামলার অন্যতম গুরুত্বপূর্ণ সাক্ষী দিলওয়ার হোসেনকে খুনের হুমকি দেওয়া হয়েছে বলে দাবি ৩৬ এর পাতায় দেখুন

## মন কি বাতে ত্রিপুরার দুই শিল্পীর সাফল্য তুলে ধরেন উত্তর-পূর্ব জুড়ে বাঁশ শিল্প বিকশিত হচ্ছে : প্রধানমন্ত্রী


নয়া দিল্লি, ২৬ এপ্রিল (আইএএনএস) ॥ উত্তর-পূর্ব ভারতকে 'অষ্টলক্ষী' হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রবিবার বলেন, ২০১৭ সালে ব্রিটিশ আমলের আইন পরিবর্তনের পর থেকে ওই অঞ্চলের বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে, বিশেষ করে বাঁশ শিল্পে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। নিজের মাসিক রেডিও অনুষ্ঠান মন কি বাত-এর ১৩৩তম পর্বে তিনি বলেন, "উত্তর-পূর্ব আমাদের সকলের কাছে অষ্টলক্ষীর মতো। এখানে অসীম প্রতিভা রয়েছে, প্রাকৃতিক সৌন্দর্যও সবার মন কাড়ে। 'মন কি বাত'-এ আমরা প্রায়ই এই অঞ্চলের মানুষের সাফল্যের কথা বলেছি।" বাঁশ শিল্পের প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, "যা একসময় বোঝা ৩৬ এর পাতায় দেখুন

## নতুন দিগন্ত উন্মোচিত হবে : মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল ॥ আজ পশ্চিমবঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জনপ্রিয় রেডিও অনুষ্ঠান মন কি বাত-এর ১৩৩তম পর্ব শ্রবণ করলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী প্রফেশনর ডঃ মানিক সাহা। এদিন পশ্চিমবঙ্গের বিজেপি নেতৃত্বের সঙ্গে ৮৫ দক্ষিণ কৃষ্ণনগরের ৮২ নম্বর বৃহৎ বসে তিনি এই অনুষ্ঠান শোনে। অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী প্রতি পর্বেই এমন কিছু অনুপ্রেরণামূলক গল্প ও তথ্য তুলে ধরেন, যা আমাদের প্রতিটি স্তরের মানুষকে উৎসাহিত করে এবং ইতিবাচক বার্তা পৌঁছে দেয়। তিনি আরও জানান, এই পর্বে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের বাঁশ শিল্প বিশেষভাবে প্রধানমন্ত্রীর বক্তব্যে স্থান ৩৬ এর পাতায় দেখুন

www.sisterspices.in





রবিবার আগরতলা প্রেস ক্লাবে সেবা সহায়তা পরিষদ আয়োজিত রক্তদান শিবিরে উপস্থিত ছিলেন অধ্যক্ষ রামপদ জমাতিয়া। ছবি নিজস্ব।

## এনআইএ-র জালে বাংলার বোমা বিস্ফোরণ মামলার দ্বিতীয় অভিযুক্ত গ্রেফতার

নয়াদিল্লি, ২৬ এপ্রিল (আইএএনএস): পশ্চিমবঙ্গের বোমা বিস্ফোরণ মামলায় আরও এক প্রধান অভিযুক্তকে গ্রেফতার করল ন্যাশনাল ইন্ভেস্টিগেশন এজেন্সি (এনআইএ)। চলতি বছরের মার্চ মাসে ঘটে যাওয়া গুই বিস্ফোরণে একজনের মৃত্যু হয় এবং আরও তিনজন গুরুতর জখম হন বলে রবিবার জানিয়েছে সংস্থা।

গ্রেফতার হওয়া অভিযুক্তের নাম আহিউল ইসলাম মোল্লা। তিনি দক্ষিণ ২৪ পরগনার বিজয়গঞ্জ বাজার এলাকার বাসিন্দা। তদন্তে তার ভূমিকা খতিয়ে দেখে তাকে গ্রেফতার করা হয়েছে। উল্লেখ্য, এর আগে এই মামলায় আরও এক অভিযুক্তকে রাজা পুলিশ গ্রেফতার করেছিল।

এনআইএ সূত্রে জানা গেছে, আহিউল ইসলাম মোল্লা এই ঘটনার সহ-যজ্ঞাঙ্ক ছিলেন। বোমা তৈরির কাজ এবং প্রমাণ নষ্ট করার সঙ্গেও তিনি যুক্ত ছিলেন। সংস্থার দাবি, যজ্ঞাঙ্কের অংশ হিসেবেই বোমা তৈরি করার সময় বিস্ফোরণ ঘটে, যার ফলে ঘটনায় জড়িত এক অভিযুক্তের মৃত্যু হয়। এই মামলায় আরও জড়িতদের খোঁজে তদন্ত চালিয়ে যাচ্ছে এনআইএ।

অন্যদিকে, পৃথক একটি ঘটনায়, চলতি মাসের শুরুতে বিহারের মুজফফপুরের বাসিন্দা কুন্দন কুমার ওরফে কুন্দন ভগতের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছে এনআইএ। ২০২৪ সালের একটি অবৈধ অস্ত্র পাচার মামলায় পাটনার এনআইএ বিশেষ আদালতে এই সম্পূর্ণ চার্জশিট জমা দেওয়া হয়েছে। এনআইএ জানিয়েছে, ভারতীয় দণ্ডবিধি, অস্ত্র আইন এবং বেআইনি কার্যকলাপ (প্রতিরোধ) আইনের বিভিন্ন ধারায় তার বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে। এই মামলায় তিনিই মূল অভিযুক্ত, যার বিরুদ্ধে চার্জ গঠন করা হল। বিহার পুলিশ একটি একে-৪৭ রাইফেল ও লেদ উদ্ধার করার পরই এই মামলার সূত্রপাত।

তদন্তে উঠে এসেছে, কুন্দন কুমার নাগাল্যান্ড থেকে নিবিদ্ধ বোরের অস্ত্র সংগ্রহ ও পাচারের সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত ছিলেন। এই অস্ত্রগুলি বিহারের মাওবাদী ও অন্যান্য অপরাধীদের কাছে সরবরাহ করা হত বলে জানিয়েছে এনআইএ। এর আগে, ২০২৫ সালের মে মাসে বিকাশ কুমার, দেবমণি রায়, সত্যম কুমার এবং আহমদ আনসারিকে চার্জশিট করা হয়েছিল। পঞ্চম অভিযুক্ত মনজুর খানের বিরুদ্ধে চার্জ গঠন করা হয় ২০২৬ সালের ফেব্রুয়ারিতে।

## রাহুল গান্ধী 'পার্ট-টাইম রাজনীতিক', কটাক্ষ বিজেপি প্রধান নীতীন নবীনের

কলকাতা, ২৬ এপ্রিল (আইএএনএস): কংগ্রেস সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধীকে 'পার্ট-টাইম রাজনীতিক' বলে কটাক্ষ করলেন বিজেপি রাজ্য সভাপতি নীতীন নবীন। রবিবার নদিয়ার শান্তিপুরে একটি রোডশো-এ অংশ নিয়ে তিনি এই মন্তব্য করেন।

এলেই কেবল জনসমক্ষে কথা বলেন কংগ্রেস নেতা। তিনি বলেন, "এ ধরনের পার্ট-টাইম রাজনীতিকদের সঙ্গে বাংলার মানুষের কোনও সম্পর্ক নেই।" এদিন তিনি আরও দাবি করেন, খুব শীঘ্রই রাহুল গান্ধীকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা যাবে। তাঁর কথায়, "ওদের 'ইন্ডি' জোট ভেঙে গেছে। আমাদের কোনও জোট নেই।"

মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা করে নীতীন নবীন বলেন, "আমরা বাংলার মানুষের জন্য লড়ছি, যাদের 'দিদি' ভয়ের মধ্যে রেখেছেন।" এখান থেকেই উদাসীন।

এখান থেকেই উদাসীন। উচ্চ শতাংশ ভোটদানের কথা উল্লেখ করে তিনি জানান, ২৯ এপ্রিল দ্বিতীয় দফার ভোটে সেই রেকর্ড ভেঙে যাবে। বিজেপির জয়ের ব্যাপারে আশ্বিনী সুরে নীতীন নবীন বলেন, "২৯ এপ্রিল মানুষ ব্যাপকভাবে প্রতিটি বুথে বিজেপিকে ভোট দিতে বেরিয়ে আসবেন।" তিনি আরও যোগ করেন, "প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে রাজ্যের মানুষ হতাশা ও ভয়ের পরিবেশ থেকে বেরিয়ে আসা ও বিশ্বাসের পরিবেশের দিকে এগোতে প্রস্তুত।"

## গুজরাট পুরভোটে শীর্ষ নেতাদের

## ভোটদান, রাজ্যজুড়ে জোরকদমে গণতান্ত্রিক প্রক্রিয়া; তরুণ ভোটারদের বিশেষ বার্তা

আহমেদাবাদ/সুরাট, ২৬ এপ্রিল (আইএএনএস): গুজরাটের স্থানীয় সংস্থার নির্বাচনে রবিবার সকাল থেকেই রাজ্যজুড়ে জোরকদমে ভোটগ্রহণ শুরু হয়েছে। পুরসভা, পৌরসভা, জেলা পঞ্চায়েত ও তালুকা পঞ্চায়েতসহ স্তরের এই বৃহৎ গণতান্ত্রিক প্রক্রিয়ায় লক্ষ লক্ষ ভোটার অংশ নিচ্ছেন। শাসক-বিরোধী শিবির নির্বিশেষে একাধিক শীর্ষ নেতা এদিন ভোট দিয়ে নাগরিকদের বিশেষ করে তরুণ প্রজন্মকে ভোটদানে উৎসাহিত করেছেন।

বিজেপি সাংসদ প্রভু বাসবা ভোটারদের উদ্দেশ্যে বলেন, "গণতন্ত্রের এই উৎসবে ১০০ শতাংশ ভোটদান নিশ্চিত করে। সকলের নৈতিক দায়িত্ব।" রাজ্যের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র পাটেল আহমেদাবাদের শিলাজ প্রাইমারি স্কুলে পরিবার-সহ ভোট দেন। তিনি বিশেষ করে প্রথমবারের ভোটার ও তরুণদের উদ্দেশ্যে বলেন, "উন্নত গুজরাট গড়তে সকলে উৎসাহের সঙ্গে ভোট দিন। ১০০ শতাংশ ভোটদানের মাধ্যমে গণতন্ত্রকে আরও শক্তিশালী করি।" সুরাটে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রী সি. আর. পাটিল তাঁর ৮৯ বছর বয়সী মা-সহ পরিবার নিয়ে ভোট দেন। তিনি বলেন, "ভোট দেওয়া আমাদের অধিকার এবং কর্তব্য দুটোই।" রাজ্যের উপমুখ্যমন্ত্রী হর্ষ সাংঘভি-ও সুরাটে ভোট দিয়ে বিশেষভাবে 'জেন জেড' বা তরুণ ভোটারদের

উদ্দেশ্যে শুভেচ্ছা জানান। তিনি বলেন, "যারা প্রথমবার ভোট দিচ্ছেন, তাদের সবাইকে অভিনন্দন। আপনাদের সক্রিয় অংশগ্রহণই আগামী দিনের উন্নয়নকে আরও এগিয়ে নিয়ে যাবে।" তিনি আরও বলেন, এই নির্বাচন উন্নয়নমুখী রাজনীতির ধারাকে আরও শক্তিশালী করবে। এছাড়াও রাজ্যের মন্ত্রী অর্জুন মোঘওয়াদিয়া পোরবন্দর জেলার মোটওয়াড়া গ্রামে ভোট দেন এবং স্থানীয় স্বশাসন ব্যবস্থার গুরুত্ব তুলে ধরেন। রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের তুশার সুরেরা-সহ বিভিন্ন প্রশাসনিক আধিকারিকও ভোটপ্রক্রিয়ায় অংশ নেন। রাজ্যের বিভিন্ন জেলায় সুরাট, ভাবনগর, জামনগর, মোরবি, বোটাড ও তাপিয়াপক ভোটগ্রহণ চলছে। আহমেদাবাদ মিউনিসিপ্যাল কর্পোরেশনে ১৯০টি আসনে নির্বাচন হচ্ছে, যেখানে ৩৮ লক্ষেরও বেশি ভোটার অংশ নিচ্ছেন। জামনগরে ৪ লক্ষের বেশি

ভোটার ৪১৪টি কেন্দ্রে ইভিএমের মাধ্যমে ভোট দিচ্ছেন। ভাবনগর জেলার ৩৯৮টি আসনে প্রায় ১৭.৩১ লক্ষ ভোটার ১,৯৮৪টি বুথে ভোটদান করছেন। খোড়া জেলার উদতাল স্বামীনারায়ণ মন্দিরের ৬০০-রও বেশি সম্মানীয় ও কর্মীর অংশগ্রহণও এই নির্বাচনে বিশেষভাবে নজর কেড়েছে। ভোটারদের একাংশের মতে, তৃণমূল স্তরের প্রশাসনই নাগরিক পরিষেবার মূল ভিত্তি। তাই এই নির্বাচনে অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্য নির্বাচন কমিশন জানিয়েছে, সূত্রে ও শান্তিপূর্ণ ভোটগ্রহণের জন্য কড়া নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। সকাল থেকেই হাজার হাজার বুথে ইভিএমের মাধ্যমে ভোট চলছে। ভোটগ্রহণ সন্ধ্যা পর্যন্ত চলবে এবং আগামী ২৮ এপ্রিল ভোটগণনা অনুষ্ঠিত হবে। এই নির্বাচনের মাধ্যমে গুজরাটে তৃণমূল স্তরের গণতন্ত্র আরও সুদৃঢ় হবে বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

## সন্ত্রাসবাদে নরম মনোভাবের অভিযোগে মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা অমিত শাহর

কলকাতা, ২৬ এপ্রিল (আইএএনএস): সন্ত্রাসবাদ মোকাবিলায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ভূয়সী প্রশংসা করে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও কংগ্রেসকে তীব্র আক্রমণ করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। রবিবার নদিয়ার তেহট্টায় এক নির্বাচনী সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি এই মন্তব্য করেন।

অমিত শাহ বলেন, "২০১৪ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ক্ষমতায় আসার পর থেকে সন্ত্রাসবাদী হামলার জবাব দেশ দৃঢ়ভাবে দিয়েছে। উরি হামলার পর সার্জিক্যাল স্ট্রাইক, পুলওয়ামার পর এয়ার স্ট্রাইক এবং পাহেলগামে 'অপারেশন সিন্দুর'-এর মাধ্যমে জঙ্গিদের নিমূল করা হয়েছে। প্রধানমন্ত্রী মোদি দেশকে সন্ত্রাসমুক্ত করেছেন।" এর পাশাপাশি তিনি অভিযোগ করেন, "মমতা বন্দ্যোপাধ্যায় ও কংগ্রেস ক্ষমতায় থাকাকালীন সন্ত্রাসবাদীদের প্রতি নরম মনোভাব দেখিয়েছে।"

রুখতে পৃথক বিশেষ বাহিনী গঠন করবে বিজেপি সরকার। "বাংলায় বিজেপি ক্ষমতায় এলে গুজরাট ও সিন্ডিকেট রাজ শেষ হবে। গরু পাচার বন্ধ করতে আলাদা স্কোয়াড গঠন করা হবে," বলেন তিনি। প্রথম দফার ২৩ এপ্রিলের ভোটার প্রসঙ্গ টেনে অমিত শাহ দাবি করেন, "প্রথম দফাতেই ১১০টি আসনে জয় নিশ্চিত করেছে বিজেপি। বাকি কাজ দ্বিতীয় দফায় মানুষ সম্পূর্ণ করবে।" উল্লেখ্য, বাকি ১৪২টি কেন্দ্রে দ্বিতীয় তথা শেষ দফার ভোটগ্রহণ হবে ২৯ এপ্রিল। ভোট গণনা হবে ৪ মে।

## দেশজুড়ে 'মন কি বাত' শুনলেন বিজেপি নেতারা, বিভিন্ন রাজ্যে ব্যাপক সাড়া

নয়াদিল্লি, ২৬ এপ্রিল (আইএএনএস): প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি-র মাসিক রেডিও অনুষ্ঠান মন কি বাত-এর ১৩৩তম পর্ব রবিবার দেশজুড়ে ব্যাপক সাড়া ফেলেছে। সাধারণ নাগরিকদের পাশাপাশি বিভিন্ন রাজ্যে বিজেপি নেতারাও এই অনুষ্ঠানে অংশ নেন। কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ও ডিশার অমূল জেলার তাঁর পৈতৃক গ্রাম নালামে দলীয় কর্মী ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে বেসে অনুষ্ঠানটি শোনেন। এই আয়োজন তৃণমূল স্তরে প্রধানমন্ত্রীর বার্তা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে

গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় মন্ত্রী জে. পি. নাড্ডা বর্ধমানের দলীয় কার্যালয়ে 'মন কি বাত' শোনেন। একইসঙ্গে প্রবীণ বিজেপি নেত্রী স্মৃতি ইরানি এবং দলের মুখপাত্র প্রদীপ ভাটগারি-ও কর্মীদের সঙ্গে এই অনুষ্ঠান শুনে অংশ নেন। উত্তরাখণ্ডে মুখ্যমন্ত্রী পৃথক সিং ধামি অনুষ্ঠানটি শোনেন। ছত্তীসগড়ে মুখ্যমন্ত্রী বিশ্ব দেও সাই ভাটা গাঁওয়ে একটি জনসম্মেলনে অংশ নিয়ে অনুষ্ঠানটি শোনেন, যেখানে প্রধানমন্ত্রীর স্পিকার রমন সিং এবং মন্ত্রী কেশব কাম্বল উপস্থিত ছিলেন।

উত্তরপ্রদেশে উপমুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌরা-ও দলীয় কর্মীদের সঙ্গে এই পর্ব অংশ নেন, যা বিভিন্ন অঞ্চলে রাজনৈতিক নেতাদের সক্রিয় অংশগ্রহণকে তুলে ধরে। এই পর্ব প্রধানমন্ত্রীর আশ্রয় জ্ঞান জগননাথ গুরুদেবের উপর বিশেষ জোর দেন। তিনি বলেন, ২০২৭ সালের আদমশুমারি দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রত্যেক নাগরিকের এতে অংশগ্রহণ করা উচিত। "জাতীয় জনগণনা শুধু সরকারের কাজ নয়, এটি আমাদের সকলের দায়িত্ব," এই বার্তাও দেন তিনি।

## সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ এনএসএ অর্জিত ডোভালের, দ্বিপাক্ষিক সম্পর্ক ও আঞ্চলিক পরিস্থিতি নিয়ে আলোচনা

আবু ধাবি, ২৬ এপ্রিল (আইএএনএস): ভারতের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অর্জিত ডোভাল রবিবার সংযুক্ত আরব আমিরাতের প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ান-এর সঙ্গে সাক্ষাৎ করে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার এবং পশ্চিম এশিয়ার সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

সংযুক্ত আরব আমিরাতে ভারতীয় দূতাবাসের পক্ষ থেকে জানানো হয়েছে, এই বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি-র শুভেচ্ছা পৌঁছে দেন অর্জিত ডোভাল। পাশাপাশি ডা ব ত - ই ড - এই 'কমপ্লেক্সিটিভ স্ট্যাটোজিক পার্টনারশিপ' আরও শক্তিশালী করার বিভিন্ন দিক নিয়েও আলোচনা হয়। এই সফরটি সাম্প্রতিক সময়ে ভারতের তব ফে দ্বিতীয় উচ্চ পর্যায়ের সফর। এর আগে চলতি মাসেই বিদেশমন্ত্রী এস. জয়শঙ্কর 'দিদিনের সফরে সংযুক্ত আরব আমিরাতে গিয়ে প্রেসিডেন্টের সঙ্গে সাক্ষাৎ করেন।

সেই বৈঠকে তিনি ইউএই-তে বসবাসকারী ভারতীয়দের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করার জন্য প্রেসিডেন্টের প্রতি কৃতজ্ঞতা জানান। ওই বৈঠকে দু'দিকের জটিল হয়ে শেখ হামদান বিন মোহাম্মদ বিন রশিদ আল মাকতুম-ও উপস্থিত ছিলেন। এর পাশাপাশি, বিদেশমন্ত্রী ইউএই-র উপপ্রধানমন্ত্রী ও বিদেশমন্ত্রী শেখ আবদুল্লাহ বিন জায়েদ আল নাহিয়ান-এর সঙ্গে বৈঠক করে পশ্চিম এশিয়ার পরিবর্তিত পরিস্থিতি এবং তার প্রভাব নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে

পশ্চিম এশিয়ায় উত্তেজনা বৃদ্ধি পেয়েছে। ২৮ ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক অভিযানের পর পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠে। এই সংঘাতের জেরে বৈশ্বিক জ্বালানি সংকটের আশঙ্কাও তৈরি হয়েছে। বিশেষত হরমুজ প্রণালী বন্ধ হয়ে যাওয়ার কারণে। কূটনৈতিক মহলের মতে, এই প্রেক্ষাপটে জটিল সংকট আরব আমিরাতের মধ্যে ঘনিষ্ঠ যোগাযোগ এবং কৌশলগত সহযোগিতা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।

## জনগণনার দায়িত্ব সবার, শুধু সরকারের নয়: প্রধানমন্ত্রী মোদি

নয়াদিল্লি, ২৬ এপ্রিল (আইএএনএস): জনগণনা শুধুমাত্র সরকারের কাজ নয়, বরং প্রত্যেক নাগরিকের দায়িত্বও কথা সঙ্গ্রহ করবেন। তিনি বলেন, "এবার নাগরিকদের অংশগ্রহণ আরও সহজ করা হয়েছে। গণনাকারী আসার ১৫ দিন আগে থেকেই আপনারা নিজেদেরই তথ্য পূরণ করতে পারবেন। প্রক্রিয়া সম্পন্ন হলে একটি বিশেষ আইডি পাওয়া যাবে, যা প্রতিটি ভোটারের জন্য উচিত। এটি বিশ্বের বৃহত্তম জনগণনা প্রধানমন্ত্রী জানান, ২০২৭ সালের


আদমশুমারি এবার সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে করা হচ্ছে। গণনাকারীরা বাড়ি বাড়ি গিয়ে মোবাইল অ্যাপের মাধ্যমে তথ্য সংগ্রহ করবেন। তিনি বলেন, "এবার নাগরিকদের অংশগ্রহণ আরও সহজ করা হয়েছে। গণনাকারী আসার ১৫ দিন আগে থেকেই আপনারা নিজেদেরই তথ্য পূরণ করতে পারবেন। প্রক্রিয়া সম্পন্ন হলে একটি বিশেষ আইডি পাওয়া যাবে, যা প্রতিটি ভোটারের জন্য উচিত। এটি বিশ্বের বৃহত্তম জনগণনা প্রধানমন্ত্রী জানান, ২০২৭ সালের

বারবার দেওয়ার প্রয়োজন হবে না। এতে সময়ও বাঁচবে এবং পুরো প্রক্রিয়া আরও সহজ হবে বলে জানান তিনি। প্রধানমন্ত্রী আরও বলেন, যেসব রাজ্য স্ব-তথ্যভিত্তি সম্পন্ন হয়েছে, সেখানে ইতিমধ্যেই বাড়ি গণনা শুরু হয়েছে এবং এখন পর্যন্ত প্রায় ১ কোটি ২০ লক্ষ পরিবারের তথ্য সংগ্রহ করা হয়েছে। তিনি জোর দিয়ে বলেন, "জাতীয় জনগণনা শুধু সরকারের দায়িত্ব নয়, এটি আমাদের সকলের দায়িত্ব। আপনাদের অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনাদের দেওয়া সমস্ত তথ্য সম্পূর্ণ সুরক্ষিত ও গোপন রাখা হবে।"




রবিবার আগরতলা রাজধানী হোটেলে স্বাস্থ্য শিবির। ছবি নিজস্ব।

# হরেকরকম



# হরেকরকম



# হরেকরকম

## আলসেমি দূর করার আটটি উপায়

অপরিহার্য ভাবেই এই লেখাটি লেখার আগে জামা কাপড় ধোয়ার কাজ করছি, চা তৈরি করছি, কিছু ইমেইলের উত্তর দিয়েছি, ফেসবুক দেখছি ও কয়েকটি ব্লগ পড়েছি। ধোয়ার কাজ শেষ হলে কিছুটা ধীরেসুস্থে বাগানে সেগুলো গুণ্ডাতে দিয়েছি এবং সেসময় গাছে পানিও দিয়েছি। এজন্য সমস্যা হয়নি কারণ লেখাটি শেষ করতে পেরেছি ও সময়মত জমাও দিয়েছি। আমরা সবাই কাজে কর্মে কিছুটা টিলেমি করি। কিন্তু দীর্ঘায়িত টিলেমি বা অলসতা শরীরের জন্য খারাপ। কারণ এটি মানুষকে চাপে ফেলে দেয়। এমনকি চিকিৎসকের কাছে যেতেও বিলম্ব ঘটায়।

১. মোটিভেশনের জন্য শুধু ইচ্ছাশক্তি ও পর নির্ভর নয়— ক্রীড়া মনোবিদ ইয়ান টেইলরের মতে মানুষ অনেক সময় মনে করে ইচ্ছাশক্তিই সবকিছু কিন্তু এটি সঠিক নয় বলেই মনে করেন তিনি। ইচ্ছাশক্তি বা আত্মনিয়ন্ত্রণ এক ধরনের মোটিভেশন কিন্তু এটিই সর্বোচ্চ নয়, তিনি বলেন। তাই শুধু ইচ্ছা শক্তির ওপর নির্ভর না করে তিনি কাজের খারাপ দিকটিকে উপেক্ষা করাই শ্রেয় বলে মনে করেন। বরং সেটিকে অপরিহার্য ও গুরুত্বপূর্ণ ভাবেই হবে

যা হবে লক্ষ্য অর্জনের একটি অংশ। ২. ফেলে রাখা কাজে ইতিবাচক কি আছে দেখুন— ব্যর্থতার ভয় থেকে কাজ ফেলে রাখছেন? শেফিল্ড বিশ্ববিদ্যালয়ের ফুসচিয়া সিরোইস বলছেন, আলস্য বা সময় ব্যবস্থাপনায় দুর্বলতা সমস্যা নয়। ‘আপনি যদি উদ্বিগ্ন হন এই ভেবে যে আপনি ব্যর্থ হবেন তাহলে কাজ ফেলে রাখার যুক্তি তৈরি হবে’। এটা একটা কাজে চক্র তৈরি করতে পারে: বিলম্ব করার কারণে কাজ করার সময় কমে যাচ্ছে, যা ব্যর্থতার ঝুঁকি বাড়ায় এবং আপনাকে উদ্বিগ্ন করে তোলে। এসব এড়াতে কাজের ইতিবাচক দিকটি দেখুন: হয়তো কিছু শিখবেন বা প্রত্যাশার চেয়ে বেশি আনন্দ পাবেন।

৩. অগ্রিম পরিকল্পনা— আপনি যদি বুঝতে পারেন যে আলসেমি করার একটি প্রবণতা তৈরি হচ্ছে আপনার মধ্যে তাহলে মানসিকভাবে একটি কৌশল নিন। কেউ যদি আপনাকে কোনো সপ্তাহান্তে কোনো মিটিং এর কথা বলে আপনি বরং বলুন মিটিংটি আজ সন্ধ্যায়ই সেদে ফেলার। আমেরিকান মনোবিদ পিটার গলউইটজার এ কৌশলের ওপর ৯৪টি সমীক্ষা পর্যালোচনা করেন। তার মতে যারা কৌশলটি অনুসরণ করে তারা অন্যদের

চেয়ে লক্ষ্য অর্জনে ২/৩ গুণ বেশি দৃঢ় থাকে। ৪. চাপ কমান যতটা সম্ভব সহজ করুন। সবকাজে দৌড়াবোনার পরিকল্পনা থাকলে আগেই পোশাক ঠিক করে রাখুন। কাজের পরিকল্পনা আগের রাতেই টেবিলে চূড়ান্ত করে রাখুন। তাহলে প্রথমেই আপনি ধারণা পেয়ে যাবেন যে, কি দিয়ে কাজ শুরু করবেন। আর বাধাগুলো, যেমন স্ক্রিনে এলার্ট সরিয়ে ফেলুন। ফোন মিটিং করে রাখুন ও সোশ্যাল মিডিয়া থেকে লগ অফ করুন।

৫. নিজেকে পুরস্কৃত করুন— কনকর্ন বিশ্ববিদ্যালয়ের কাইটলিন যুলির মতুন এক গবেষণায় দেখা যাচ্ছে তাৎক্ষণিক পুরস্কার কঠোর পরিশ্রম করতে উদ্বুদ্ধ করে। জটিল কাজ ফেলে রাখা থেকেই আলসেমি শুরু হয়— তাই এর পাল্টা ব্যবস্থা হতে পারে যথাসময়ে কাজের পুরস্কার। পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের এক গবেষণা বলেছে জিমে ব্যায়াম করার সময় অডিও বুকস দিলে তা ভালো কাজ করে। অর্থাৎ সেই তাৎক্ষণিক পুরস্কার। সুতরাং দেখুন আপনার ক্ষেত্রে কোনোটি কাজ করে। ৬. ভবিষ্যতের জন্য অধিকতর বাস্তববাদী দৃষ্টিভঙ্গিকে

উৎসাহিত করুন— অনেকেই আমরা বিশ্বাস করি ভবিষ্যতে আমরা অনেক সময় পাবো। আমরা ভাবি আমরা সামনে আরও গোছানো, আরও অ্যাকটিভ হবে কিংবা এমন জীবন যাপন করবো সেখানে কোনো ভুল ত্রুটি থাকবেনা। এটা অবশ্যই হবেনা। এসব কারণেই অনেক সময় আমরা বুঝি কাজ শেষ করতে কত সময় লাগবে। এটাকেই বলে পরিকল্পনাগত ভুল। ৭. নিজের প্রতি সদয় হোন— হাতে থাকা কাজ ঝুলিয়ে রাখলে অনেক সময় নেতিবাচক ধারণা তৈরি হয়। যেসব শিক্ষার্থী পরীক্ষার আগে পড়া ঝালিয়ে নিতে পারেনি তাদের ওপর পরিচালিত এক গবেষণায় দেখা গেছে যারা আলসেমি জনিত কারণে নিজেকে ক্ষমা করে দেয় তারা পরবর্তী সময়ে ভালো করে। সিরোইস বলছেন আমরা নিজের ওপর মাঝে মাঝে যতটা নির্দয় হই, বন্ধুদের ওপরও ততটা হতে পারি। ‘তাই আমাদের নিজের প্রতিও কিছুটা সহমর্মিতা দেখানো উচিত’। ৮. নিজের সম্পর্কে কথা বলুন— আপনি যে ভাষা ব্যবহার করেন সেটিও একটি জিনিস তৈরি করতে পারে। ইয়ান টেইলর বলছেন এটা কাজ করে কারণ এটা আপনার ও আপনার আচরণের মধ্যে একটা সম্পর্ক তৈরি করে।

## তপ্ত গরমে শরীর চনমনে রাখতে বানান এই আটটি বাঙালি খাবার

তীব্র গরমে শরীর ও মন চনমনে রাখতে বাঙালির চিরাচরিত রামার কোনও বিকল্প নেই। আম ডাল থেকে শুরু করে সজনে উঁটার চচ্চড়ি রইল এমন ৮টি পদের হৃদিস যা আপনাকে এই দাবদাহে সুস্থ রাখবে। বসন্তের শেষ থেকে গোটা গ্রীষ্মকাল জুড়ে সজনে উঁটা বাঙালির পাতের অবিচ্ছেদ্য অংশ। হালকা সর্ষে বা পোস্ত দিয়ে তৈরি এই চচ্চড়ি শরীরকে ভেতর থেকে শীতল রাখতে সাহায্য করে। এর ওষধি গুণ উচ্চ রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে এবং লিভারের জন্য অত্যন্ত উপকারী। উচ্ছে বা করলা দিয়ে তৈরি মুগ ডাল কিংবা মটর ডাল গরমের দুপুরে এক স্বর্গীয় অনুভূতি। অল্প আদা বাটা আর পাঁচফোড়নের গন্ধে এই ডাল বিসাদ মুখে রুচি ফিরিয়ে আনে। তেঁতার গুণাগুণ শরীরকে ডিটক্স করে এবং রক্ত পরিষ্কার রাখতে বিশেষ ভূমিকা নেয়। তেঁতো পছন্দ না করলে লাউ শুভ্ধে বানাতে পারেন। এটি হজমের জন্য সবচেয়ে নিরাপদ ও স্বাস্থ্যকর। এই শুভ্ধে শরীরকে আর্দ্র রাখতে এবং পেট ঠান্ডা রাখতে কাজ করে। গরমের দুপুরে ভাতের পাতে প্রথম পদ হিসেবে



লাউ শুভ্ধের কোনও বিকল্প নেই। কাঁচা আম দিয়ে পাতলা মুসুর ডাল মানেই বাঙালির নস্টালজিয়া। টক-মিষ্টি এই ডাল শুধু সুস্বাদুই নয়, এটি হিট স্ট্রোক প্রতিরোধ করতেও অত্যন্ত কার্যকরী। তপ্ত দুপুরে একবাটি আম ডাল নিম্নেবেই ক্রান্তি দূর করে শরীরকে তরতাজা করে তোলে। গরমে ঝিঙের মতো জলীয় সবজি শরীরের জলের অভাব মেটাতে বড় ভূমিকা পালন করে। তাই বানাতে পারেন ঝিঙে-পোস্ত, অল্প মশলায় জিন্দে জল আনা তৃপ্তিদায়ক এই খাবারে মন

ভরবেই। পোস্ত ঘূমের মান উন্নত করতে এবং শরীরকে ভেতর থেকে ঠান্ডা রাখতে সাহায্য করে। অল্প পঁচফোড়ন আর শুকনো লঙ্কার ফোড়নে তৈরি এই চাটনি গরমের সেরা ‘ডেজার্ট’। তীব্র রোদে বাইরে থেকে ফিরে এক গ্লাস ঠান্ডা খোল বা গন্ধরাজ লেবুর শরবত জাদুর মতো কাজ করে। এটি শরীরের ইলেকট্রোলাইট ব্যালেন্স ঠিক রাখে এবং তাৎক্ষণিক শক্তি যোগাতে সাহায্য করে। চিনি ছাড়া নুন আর ভাজা জিরে গুঁড়ো দিয়ে তৈরি এই পানীয়ই গরমে বাঙালির সেরা বন্ধু।

সি রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং হজমে দারুণ সহায়তা করে। অল্প পঁচফোড়ন আর শুকনো লঙ্কার ফোড়নে তৈরি এই চাটনি গরমের সেরা ‘ডেজার্ট’। তীব্র রোদে বাইরে থেকে ফিরে এক গ্লাস ঠান্ডা খোল বা গন্ধরাজ লেবুর শরবত জাদুর মতো কাজ করে। এটি শরীরের ইলেকট্রোলাইট ব্যালেন্স ঠিক রাখে এবং তাৎক্ষণিক শক্তি যোগাতে সাহায্য করে। চিনি ছাড়া নুন আর ভাজা জিরে গুঁড়ো দিয়ে তৈরি এই পানীয়ই গরমে বাঙালির সেরা বন্ধু।

## সবসময় ইতিবাচক থাকার কয়েকটি উপায়

একটি গ্লাসে অর্ধেক জল থাকলে আপনি এটিকে কিভাবে দেখেন? অর্ধেক খালি নাকি অর্ধেক ভর্তি? মুক্তারস্ত্রের একটি গবেষণা বলেছে, আশাবাদী ব্যক্তির হতাশাবাদীদের চেয়ে অনেক বেশি দিন বাঁচেন। এই তত্ত্ব মতে, আশাবাদীরা হয়তো নিজস্বদের আবেগকে অনেক সহজে নিয়ন্ত্রণ করতে পারেন যা তাদেরকে মানসিক চাপের ক্ষতিকর প্রভাব থেকে দূরে রাখে। মার্কিন গবেষকরা বলছেন যে, হতাশাবাদী ব্যক্তির যদি নিজস্বদের এমন ভবিষ্যতের কথা চিন্তা করতে পারেন যেখানে সব ধরনের সমস্যা দূর হয়ে যাবে, এমন দৃষ্টিভঙ্গি তাদের জন্য উপকারী হতে পারে। মানুষ কিভাবে আশাবাদী হয় এবং হতাশা বাদীরা জীবন সম্পর্কে ইতিবাচক থাকতে কি কি করতে পারেন সে বিষয়ে কিছু উপায় সম্পর্কে জানবো আমরা।

‘নেতিবাচকতা নিয়ে পিছিয়ে থাকবেন না’ বলা হয় যে, ‘নীর অপর পাশের ঘাস সব সময় একটু বেশি-ই সবুজ দেখায়’। কিন্তু এ ধারণা পূর্বাঙ্গলের লিসবনে থাকা তানিয়া গুয়ার্দাকে তেমন প্রভাবিত করতে পারেনি। ‘সবারই সমস্যা থাকে। আমার জীবন যেমন, সেভাবেই একে উপভোগ করার চেষ্টা করি আমি। আমার যা আছে

তা নিয়েই সন্তুষ্ট আমি। ভালো স্বাস্থ্য, পরিবার, একজন ভালোবাসার জীবন সাথী আর আমার পছন্দের একটি চাকরী।’ উদ্বিগ্ন বা দুশ্চিন্তা কাটাতে তানিয়া নিজেকে ব্যস্ত রাখেন এর পেছনের সমস্যা খুঁজে বের করা নিয়ে, এবং সেগুলো সমাধান করার পর তিনি কেমন অনুভব করবেন তা নিয়ে ভাবতে পছন্দ করেন তিনি। তিনি অন্যদের নেতিবাচকতাকে তেমন পাত্তা দেন না। তিনি বলেন, ‘আমি কখনোই নেতিবাচক ব্যক্তিগত মন্তব্য নিয়ে বেশি ক্ষণ ভাবি না। এগুলোকে আমার পর্যন্ত আসতে দেই না।’


‘হাস্যরস বোধ’ কলোরাদোর ডিকি সিসকা, বেশ কিছু মানসিক চাপময় খারাপ সময় পার করেছেন তিনি। ‘কিন্তু তারপরও তিনি আশাবাদী।’ গান আমার আশ্বাসে তৃপ্ত করে, হাস্যরস বোধ বিভিন্ন বিষয় নিয়ে নতুন ধারণা দেয় এবং আমার অনেক ভালো বন্ধু আছে যারা আমাকে ভালোবাসে এবং খোয়াল রাখে,’ তিনি বলেন। হাস্যরস বোধ হার্টফোর্ড শায়ারের পিপা কেনেডিকেও ইতিবাচক থাকতে সাহায্য করেছিলো। তিনি নিয়মিত বিবিসির টিভি সিরিজ ‘ডাডস আর্মি টু হেল্প হার

গেট থু এ ব্যাড ব্রেক-আপ’ নিয়মিত দেখতেন। ‘আমার মনে হয়, আমাদের যা আছে তা নিয়েই সন্তুষ্ট থাকা-এবং অনেক চক্কেলট-অনেক বেশি সাহায্য করে,’ তিনি বলেন। ‘নিজের প্রশংসা করুন’— লিভারপুলের সুসানা চ্যাপম্যান বিবিসিকে বলেন, ছোট থেকে ছোটতর বিষয়ে নিজের প্রশংসা করেন তিনি। ‘আমি নিজের মধ্যে থাকা আবেগের বের করে দেই। আমার মনে হয় নিজের জন্য এটা খুবই সঠিক এবং সহায়ক,’ তিনি নিজেই নিজেকে বলেন। সুসানা নিজের নেতিবাচকতাকে ইতিবাচকতায় রূপান্তরের চেষ্টা করেন। ‘খারাপ কিছু নিয়ে চিন্তা করার পরিবর্তে দরকার হলে সারা রাত জেগে ইউটিভি দেখি আমি। আমার মনে হয় যে, অন্তত হাসির কিছু ভিডিও দেখে সময় পার করেছি আমি। আর হাসি স্বাস্থ্যের জন্য খুবই ভালো।’

‘কষ্টের সময়ও হাসুন’ ডাচ সংস্কৃতিতে একটি প্রবাদ রয়েছে। আর তা হলো: ‘গেন গ্রোটার ফারমাক ডান লিডফারমাক’ অর্থাৎ, ‘দুঃখের চেয়ে বড় বিনোদন আর কিছু নেই,’ এমনটা বলছিলেন নেদারল্যান্ডসের

ব্রেভার বাসিন্দা অ্যাড ডি লিউ। কিন্তু তার মতে তার বাবা তাকে এর চেয়ে গুরুত্বপূর্ণ টিপস শিখিয়েছেন। আর তা হলো, নিজের দুর্ভাগ্য নিয়ে হাসো। অ্যাড এটি মেনে চলেন এবং বলেন যে, তার জীবন ‘একটি বড় ধরণের আনন্দোৎসব’। ‘অনেকগুলো শব্দ তৈরি করুন’ স্ট্যাফোর্ডশায়ারের কিডওয়ার্ডের বাসিন্দা সু ওকলে ডান বলেন, তিনি সব সময় ইতিবাচক আর সুস্বাস্থ্যবান কারণ তিনি তাই করেন ‘যা তার আত্মায় সুর তৈরি করে।’ তিনি বলেন যে তার সব ইতিবাচকতা আসে তার অনেক ধরণের শখ আর নির্মল বায়ু থেকে। ‘এটা আমার জন্য কাজ করে,’ সু বলেন। তিনি সব সময়ই ‘ভয় উদ্বেককারী গল্প এড়িয়ে চলেন যা সুরা এবং অ্যালকোহল নিয়ে তৈরি হয়।’ ‘ব্যায়াম করুন এবং সুস্থ থাকুন’ বন্ধুত্ব আর হাসির মতোই উপকারী আরেকটি বিষয় রয়েছে ইতিবাচক থাকার। আর তা হল শারীরিক ব্যায়াম। রবিন ব্র্যাক নিয়মিত যোগ ব্যায়াম এবং ধ্যান চর্চা করেন। তিনি শারীরিকভাবে সবল ও সুস্থ থাকার পরামর্শ দেন। ‘কু তজ্জ হোন, তালিকা তৈরি করুন এবং সেগুলো পালন করুন, যা করতে আপনার ভালো লাগে সেগুলোই করুন,’ তিনি বলেন।

## ট্যান দূর করতে ট্রাই করুন এই ঘরোয়া বডি স্ক্রাব



বিয়ের আগে রোদে পুড়ে ত্বকের দফারফা? বিয়ের কেনাকাটা আর ছোট্টাছুটিতে ত্বকে কালচে ট্যান পড়া খুব স্বাভাবিক বিষয়। পার্লারের খরচ বাঁচিয়ে বাড়িতেই বানিয়ে ফেলুন জাদুকরী বডি স্ক্রাব। মাত্র আটটি ধাপে জেনে নিন উজ্জ্বল ও নরম ত্বক পাওয়ার সহজ উপায়। বিয়ের কেনাকাটা আর ছোট্টাছুটিতে ত্বকে কালচে ট্যান পড়া খুব স্বাভাবিক বিষয়। সাধারণ সাবান বা ফেসওয়াশ ত্বকের গভীরে এই জেদি ময়লা ও মরা চামড়া তুলতে পারে না। তাই

পার্লারের রাসায়নিক রিচের বদলে বেছে নিন সম্পূর্ণ প্রাকৃতিক এবং নিরাপদ বডি স্ক্রাব। এই স্ক্রাবটি তৈরি করতে প্রথমে দুই চামচ কফি পাউডার এবং দুই চামচ বেসন নিন। কফির ক্যাফেইন রক্ত সঞ্চালন বাড়িয়ে ত্বকে তৎক্ষণাৎ এক মায়ারী উজ্জ্বলতা নিয়ে আসে। অন্যদিকে বেসন ত্বকের গভীর থেকে ময়লা পরিষ্কার করে ত্বককে করে তোলে স্বচ্ছতায়। মিশ্রণটিতে মিশিয়ে নিন এক চিমটি হলুদ গুঁড়া এবং এক চামচ খাঁটি


মধু। হলুদের অ্যান্টি-ব্যাাক্টেরিয়াল গুণ ত্বককে উজ্জ্বল করার পাশাপাশি যে কোনও সংক্রমণ রুখে দেয়। মধু প্রাকৃতিক ময়েশ্চারাইজার হিসেবে কাজ করে, যা স্ক্রাবিংয়ের সময় ত্বককে রক্ষা হতে দেয় না। পুরো মিশ্রণটি মসৃণ করতে পরিমাণমতো কাঁচা দুধ অথবা গোলাপ জল ব্যবহার করতে পারেন। সব উপকরণ দিয়ে এমন একটি ঘন পেস্ট তৈরি করুন যা ত্বক থেকে গড়িয়ে পড়ে যাবে না। গোলাপ জল ত্বককে সতেজ রাখে এবং কাঁচা দুধ প্রাকৃতিক ক্রিনজার হিসেবে কাজ করে। স্নানের আগে হাত, পা, ঘাড় এবং শরীরের ট্যান পড়া অংশগুলোতে এই প্যাকটি লাগিয়ে নিন। হালকা ভিজে হাতে অন্তত ৫ থেকে ১০ মিনিট সার্কুলার মোশনে অর্থাৎ গোলাপ জল করে মাসাজ করুন। জোরে ঘষবেন না, এতে ত্বকের ক্ষতি হতে পারে; বরং আলতো চাপে মরা চামড়া তুলে ফেলুন। মাসাজ শেষ হলে মিশ্রণটি ত্বকের

ওপর আরও ১০ মিনিটের জন্য বসতে দিন। এই সময় পুষ্টিগুণগুলো ত্বকের ভেতরে প্রবেশ করে কালচে ছোপ ভেতর থেকে পরিষ্কার করে ১০ মিনিট পর হালকা গরম জল দিয়ে শরীর ডালো করে ধুয়ে পরিষ্কার করে ফেলুন। সেরা ফল পেতে বিয়ের অন্তত এক মাস আগে থেকে এই পদ্ধতি শুরু করা জরুরি। সপ্তাহে দুই থেকে তিনবার এই ঘরোয়া স্ক্রাব ব্যবহার করলে ত্বকের তফাত নিজের চোখেই দেখবেন। নিয়মিত ব্যবহারে ত্বকের টেক্সচার উন্নত হয় এবং কালচে ভাব সম্পূর্ণ দূর হয়ে যায়। স্ক্রাব করার পর অবশ্যই ডালো ময়শ্চারাইজার বা বডি লোশন মেখে নেওয়া জরুরি। এতে রোমকূপ বন্ধ হয় এবং ত্বকের আর্দ্রতা দীর্ঘক্ষণ বজায় থাকে যা আপনাকে দেশে কনের জেঞ্জা ঘরোয়া উপায়ে এই যত্নে নেই কোনও পার্শ্বপ্রতিক্রিয়া, তাই নিশ্চিতসে সেজে উঠুন বিশেষ দিনের জন্য।

## কী কী করলে মন হবে চনমনে

দিনভর কাজের চাপ আর দুশ্চিন্তায় মনের ওপর পাহাড়প্রমাণ বোঝা জমে? মাত্র ৫ মিনিটের কিছু সহজ অভ্যাসেই ফিরে পেতে পারেন হারিয়ে যাওয়া মানসিক শান্তি। জানুন ঠিক কী কী করলে মন হবে চনমনে। ঘুম ভাঙার সঙ্গে সঙ্গেই সোশ্যাল মিডিয়া বা অফিসের মেইল চেক করার অভ্যাস ত্যাগ করুন। অন্তত প্রথম এক মিনিট কোনও কাজ নিয়ে না ভাবে শুধু শান্ত হয়ে বসে থাকুন। এটি আপনার মস্তিষ্কে সারাদিনের লড়াইয়ের জন্য প্রস্তুত করতে সাহায্য করবে। পরের এক মিনিট চোখ বন্ধ করে দীর্ঘশ্বাস নিন এবং ধীরে ধীরে ছাড়ুন। অন্তত তিনবার এটি করলে হারম্পন্দন স্বাভাবিক হয় এবং মস্তিষ্কে অক্সিজেনের সরবরাহ বাড়ে। চিকিৎসকদের মতে, এই শ্বাসের ব্যায়াম দুশ্চিন্তা কমাতে ওষুধের মতো কাজ করে। বাকি তিন মিনিট হাত-পা টানটান

করে স্ট্রেচিং বা ঘরের মধ্যেই একটু হেঁটে নিন। এতে রাতের জড়তা কাটাতে এবং শরীরে ‘এন্ডোরফিন’ হরমোন ক্ষরিত হবে। শরীর সচল হলে মনের মেঘলা ভাব দ্রুত কেটে গিয়ে চনমনে অনুভূতি তৈরি হয়। মনের অব্যক্ত কথাগুলো কাউকে বলতে না পারলে ডায়েরির পাতায় লিখে ফেলুন। গবেষণায় দেখা গিয়েছে, মনের ক্ষোভ বা দুঃখ লিখে ফেললে মানসিক চাপ অনেকটাই লাঘব হয়। এটি আপনার একান্ত গোপন জগৎ, যেখানে আপনি সম্পূর্ণ স্বাধীন। মন খুব খারাপ থাকলে ৫ মিনিটের জন্য কোনও পছন্দের ইনস্ট্রুমেন্টাল বা হালকা মেজাজের গান শুনুন। মিউজিক থেরাপি কটি সুলন হরমোনের মাত্রা কমিয়ে মনকে নিম্নেবে শান্ত করতে সক্ষম। সুরের মুছনা মনের নেতিবাচক চিন্তাগুলোকে




দূরে সরিয়ে দেয়। এক কাপ চা বা কফি হাতে নিয়ে জানলার ধারে গিয়ে বসুন। মোবাইল দূরে রেখে বাইরের আকাশ বা গাছপালা দেখুন। আগামীর চিন্তা বা অতীতের আফসোস ছেড়ে শুধুমাত্র ওই মুহূর্তটুকুকে উপভোগ করার চেষ্টা করুন। দিনের নির্দিষ্ট কিছু সময় ইন্টারনেটের দুনিয়া থেকে নিজেকে পুরোপুরি বিচ্ছিন্ন রাখুন। অনোর জীবনের

জৌনুস সোশ্যাল মিডিয়ায় দেখলে নিজের প্রতি অবহেলা বা হীনম্মন্যতা বাড়তে পারে। নিজেকে সময় দেওয়া মানেই হল আসল ডিজিটাল ডিটক্স। সবশেষে নিজেকে প্রশ্ন করুন, ‘আমি এখন কী চাই?’ ছোট ছোট শখ বা ইচ্ছাগুলোকে গুরুত্ব দিয়ে আত্মবিশ্বাস বাড়ে। নিজের ভাল লাগাকে প্রাধান্য দেওয়া কোনও অপরাধ নয়, বরং সুস্থভাবে বেঁচে থাকা রসদ।

## শরীর জুড়ে ক্লান্তি-অবসাদ, কোন কোন পুষ্টির ঘাটতি রয়েছে?

রাতে ৬-৭ ঘণ্টা ঘুম হওয়ার পরেও যেন ক্লান্তি কমে না। সারাদিন শরীর জুড়ে দুর্বলতা কাজ করে। মুখ-চোখ নিস্তেজ দেখায়, চুল পড়া বন্ধ হয় না, ঘাড়-কাঁধে অসহ্য ব্যথা থাকে। বোঝাই যায় যে, শরীর সদ্য দিচ্ছে না। পর্যাপ্ত বিশ্রাম নেওয়ার পরেও যেন কাজ করার এনার্জি মিলছে না। তার উপর সর্দি-কাশি, পেটের সমস্যা লেগেই রয়েছে। শরীরে হয়তো কোনও অসুখ বাসা বেঁধেছে। কিন্তু এগুলো শুধু যে রোগের লক্ষণ, তা নয়। অনেকে সময়ে ভিটামিন ডি, ভিটামিন বি১২ ও আয়রনের মতো পুষ্টির ঘাটতির জেরেও এই সব উপসর্গ দেখা দেয়। বর্তমানে সময়ে কেন বাড়ছে পুষ্টির ঘাটতি? আজকাল কম বয়সিরাও ভুগছে পুষ্টির ঘাটতিতে। নেপথ্যে দায়ী



অস্বাস্থ্যকর লাইফস্টাইল এবং অত্যধিক কাজের চাপ। তরুণ প্রজন্ম রোদে কম বের হয় এবং খাদ্যাভ্যাস-ও ভালো নয়। তাদের ডায়েরি অপেক্ষিক, ফাস্ট ফুড ও প্রক্রিয়াজাত খাবার বেশি থাকে। যার জেরে শরীরে আরওই কোনও পুষ্টি মেলেনা না। সুখম আহার না করাও বাড়ছে পুষ্টির ঘাটতি। এই পুষ্টিগুলো স্বাস্থ্যের জন্য অপরিহার্য ভিটামিন বি১২: স্নায়ুতন্ত্রের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে এই ভিটামিন। এই পুষ্টির সময়ে ভিটামিন ডি, ভিটামিন বি১২ ও আয়রনের মতো পুষ্টির ঘাটতির জেরেও এই সব উপসর্গ দেখা দেয়। উপসর্গ দেখা দেয়। বর্তমানে সময়ে কেন বাড়ছে পুষ্টির ঘাটতি? আজকাল কম বয়সিরাও ভুগছে পুষ্টির ঘাটতিতে। নেপথ্যে দায়ী

অস্বাস্থ্যকর লাইফস্টাইল এবং অত্যধিক কাজের চাপ। তরুণ প্রজন্ম রোদে কম বের হয় এবং খাদ্যাভ্যাস-ও ভালো নয়। তাদের ডায়েরি অপেক্ষিক, ফাস্ট ফুড ও প্রক্রিয়াজাত খাবার বেশি থাকে। যার জেরে শরীরে আরওই কোনও পুষ্টি মেলেনা না। সুখম আহার না করাও বাড়ছে পুষ্টির ঘাটতি। এই পুষ্টিগুলো স্বাস্থ্যের জন্য অপরিহার্য ভিটামিন বি১২: স্নায়ুতন্ত্রের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে এই ভিটামিন। এই পুষ্টির সময়ে ভিটামিন ডি, ভিটামিন বি১২ ও আয়রনের মতো পুষ্টির ঘাটতির জেরেও এই সব উপসর্গ দেখা দেয়। উপসর্গ দেখা দেয়। বর্তমানে সময়ে কেন বাড়ছে পুষ্টির ঘাটতি? আজকাল কম বয়সিরাও ভুগছে পুষ্টির ঘাটতিতে। নেপথ্যে দায়ী

অস্বাস্থ্যকর লাইফস্টাইল এবং অত্যধিক কাজের চাপ। তরুণ প্রজন্ম রোদে কম বের হয় এবং খাদ্যাভ্যাস-ও ভালো নয়। তাদের ডায়েরি অপেক্ষিক, ফাস্ট ফুড ও প্রক্রিয়াজাত খাবার বেশি থাকে। যার জেরে শরীরে আরওই কোনও পুষ্টি মেলেনা না। সুখম আহার না করাও বাড়ছে পুষ্টির ঘাটতি। এই পুষ্টিগুলো স্বাস্থ্যের জন্য অপরিহার্য ভিটামিন বি১২: স্নায়ুতন্ত্রের স্বাস্থ্য বজায় রাখতে সাহায্য করে এই ভিটামিন। এই পুষ্টির সময়ে ভিটামিন ডি, ভিটামিন বি১২ ও আয়রনের মতো পুষ্টির ঘাটতির জেরেও এই সব উপসর্গ দেখা দেয়। উপসর্গ দেখা দেয়। বর্তমানে সময়ে কেন বাড়ছে পুষ্টির ঘাটতি? আজকাল কম বয়সিরাও ভুগছে পুষ্টির ঘাটতিতে। নেপথ্যে দায়ী



**আগরণ** আগরতলা ২৭ এপ্রিল, ২০২৬ ইং, ১৩ বৈশাখ , ১৪৩৩ বঙ্গাব্দ, সোমবার

## কপিল সাঙওয়ান গ্যাংয়ের অস্ত্র সরবরাহকারী গ্রেপ্তার, আঙেয়াজ্র উদ্ধার

নয়াদিগ্লি, ২৬ এপ্রিল (আইএএনএস): দিল্লি পুলিশের ক্রাইম ব্রাঞ্ের আন্টি-গ্যাংস্টার স্কোয়াড (এজিএস) কপিল সাঙওয়ান ওরফে নান্দু গ্যাংয়ের সঙ্গে যুক্ত এক সন্দেহভাজন অস্ত্র সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে। অভিযানে তার কাছ থেকে একাধিক অবৈধ আঙেয়াজ্র ও কার্তুজ উদ্ধার হয়েছে বলে জানিয়েছে পুলিশ।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধুভের নাম আদিত্য মিশ্র (২৪)। ধারকর পোচামপুর গ্রামের কাছে ইউইআর-২ এলাকার ফাঁদ পেতে তাকে গ্রেপ্তার করা হয়। নির্ভরযোগ্য সূত্রের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয় বলে জানিয়েছে ক্রাইম ব্রাঞ্।

তদ্বাশিতে প্রথমে তার কাছ থেকে একটি পিস্তল ও দুটি জীবন্ত কার্তুজ উদ্ধার হয়। এই ঘটনায় দিল্লি ক্রাইম ব্রাঞ্ থানায় অস্ত্র আইনের ২৫ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, কপিল সাংওয়ান ওরফে নান্দু ধারকা-নজফগড় এলাকার এক কৃষ্যাত গ্যাংস্টার, যিনি বর্তমানে বিদেশে থেকে তাঁর অপরাধচক্র পরিচালনা করছেন। এনক্রিপ্টেড যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে সহযোগীদের সঙ্গে যোগাযোগ রেখে চাঁদাবাজি, অবৈধ অস্ত্র সরবরাহসহ একাধিক অপরাধমূলক কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে এই গ্যাং। অভিযানের সময় অভিযুক্ত পালানোর চেষ্টা করলেও পুলিশ তাকে দ্রুত কাবু করেন। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে আরও একটি একনলা পিস্তল, একটি জীবন্ত কার্তুজ এবং একটি ব্রাঞ্ গান উদ্ধার করা হয়। জিজ্ঞাসাবাদে অভিযুক্ত গ্যাংয়ের হয়ে চাঁদাবাজির কাজে জড়িত থাকার কথা স্বীকার করেছে বলে দাবি পুলিশের। ভুক্তভোগীদের সঙ্গে সরাসরি যোগাযোগ করে অর্থ আদায়ের চাপ তৈরি করত বলেও জানা গিয়েছে। একাধিক ঘটনায় বড় অঙ্কের টাকা সংগ্রহে তার ভূমিকা ছিল বলে তদন্তে উঠে এসেছে।

দিল্লি পুলিশ জানিয়েছে, সংগঠিত অপরাধ দমনে বিশেষ নজরদারি চালানো হচ্ছে এবং এই ধরনের গ্যাং-সংযুক্ত নেটওয়ার্ক ভেঙে দিতে অভিযান অব্যাহত থাকবে। ঘটনায় আরও তদন্ত চলছে।

## ‘অভিলেখ পাতাল’ পোর্টালে ২০ কোটির বেশি ঐতিহাসিক নথি অনলাইনে: প্রধানমন্ত্রী মোদি

নয়াদিগ্লি, ২৬ এপ্রিল (আইএএনএস): দেশের ইতিহাসকে সাধারণ মানুষের কাছে সহজলভ্য করতে বড় পদক্ষেপনাশনাল আর্কাইভস অফ ইন্ডিয়ার ‘অভিলেখ পাতাল’ পোর্টালের মাধ্যমে ২০ কোটিরও বেশি গুরুত্বপূর্ণ নথি এখন অনলাইনে উপলব্ধ বলে জানানেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

রবিবার নিজের মাসিক রেডিও অনুষ্ঠান মন কি বাত-এর ১৩৩তম পর্বে তিনি বলেন, প্রযুক্তির অগ্রগতির ফলে অতীত ও বর্তমানের মধ্যে নতুন সংযোগ তৈরি হয়েছে। “এই দ্রুত পরিবর্তনশীল সময়ে প্রযুক্তি আমাদের জীবনের বড় অংশ হয়ে উঠেছে। এখনি প্রযুক্তির মাধ্যমে আমরা অতীতকে বর্তমানের সঙ্গে যুক্ত করতে পারছি,” বলেন তিনি। প্রধানমন্ত্রী জানান, ভারতের জাতীয় আর্কাইভ-এর উদ্যোগে তৈরি অভিলেখ পাতাল পোর্টাল-এ বিপুল পরিমাণ ঐতিহাসিক নথি ডিজিটাইলিঙ করে সাধারণ মানুষের জন্য উন্মুক্ত করা হয়েছে। এই পোর্টালে প্রায় ১০ কোটি ফাইলের রেকর্ডেরপ সামগ্রী রয়েছে। তিনি বলেন, “এখানে সপ্তম শতাব্দীর গিলগিটি পাণ্ডুলিপি, যা ভোজপরে লেখা, থেকে শুরু করে অষ্টম শতাব্দীর ‘স্ত্রী তুলসার’-এর মতো গুরুত্বপূর্ণ নথিও রয়েছে। এই গ্রন্থটি সংখ্যাভিত্তিক ডিড আকারে লেখা, যা অসংস্কৃত আকর্ষণীয়।”এছাড়া পোর্টালে বার্সির রানি রানী লক্ষ্মীবাদি-এর সঙ্গে সম্পর্কিত চিঠিপত্রও রয়েছে, যা ১৮৫৭ সালের বিদ্রোহের সময় তাঁর সিদ্ধান্ত ও সাহসিকতার পরিচয় দেয়। প্রধানমন্ত্রী আরও জানান, সুভাষচন্দ্র বসু ও আজাদ হিন্দ ফৌজ সংক্রান্ত বহু নথি, তাঁর ভাষণ এবং জীবনের বিভিন্ন দিকের তথ্য এই পোর্টালে পাওয়া যাবে।

|   |
|---|
| <b>বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ</b>   |
| জাগরণ প্রক্রিয়ার নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই। |
| <b>বিজ্ঞাপন বিভাগ</b>   |
| <b>জাগরণ</b>  |

|   |
|---|
| <b>জরুরী পরিষেবা</b>  |
| <b>হাসপাতাল<span> </span>:</b> জিবি <span> </span> : ২৩৫-৫৮৮৮ আইজিএম <span> </span> : ২৩২-৫৬০৬, টি এম সি <span> </span> : ২৩৭ ০৫০৪ চক্রব্যাক <span> </span> : ৯৪৩৬৪৬২৮০০। অ্যাম্বুলেন্স <span> </span> : একতা সংস্থা <span> </span> : ৯৭৭৪৯৯৮৯৯৬ ব্লু লোটাস ক্লাব <span> </span> : ৯৪৩৬৫৬৮২৫৬, শিবনগর মার্জার ক্লাব <span> </span> : ও আমরা তরুণ দল <span> </span> : ২৫১-৯৯০০, সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় <span> </span> : ৭৬৪২৮৪৬৬৫৬ রিলিভার্স <span> </span> : ৯৮৬২৭৭৪২৮ কর্ণেল চৌমুহনী যুব সংস্থা <span> </span> : ৯৮৬২৫৭০১১৬/সহেতি ক্লাব <span> </span> : ৮৭৪৯১১৬৮২৮১, অনীক ক্লাব <span> </span> : ৯৪৩৬৪৭৪৯৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, রামকৃষ্ণ ক্লাব <span> </span> : ৮৭৯৪১৬৮৮১ শতদল সংঘ <span> </span> : ৯৮৬২৯৯৭৮০, প্রগতি সংঘ (পূর্ব আড়াশিয়া) <span> </span> : ৯৭৭৪১১৬৬২৪, রেডক্রস সোসাইটি <span> </span> : ২৩১-৯৬৭৮, টিআরটিসি <span> </span> : ২৩২৫৬৮৫, এগিগার চেলা সংঘ <span> </span> : ৯৪৩৬১২১৪৮৮, লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় <span> </span> : ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, মানব ফাউন্ডেশন <span> </span> : ২৩৬১৩০। চাইল্ড লাইন <span> </span> : ১০৯৮ (টোলফ্রি <span> </span> : ২৪ ঘণ্টা)। ব্রাদ ব্রাড <span> </span> : জিবি <span> </span> : ২৩৫-৬২৮৮ (পি বি এন্ড), আইজিএম <span> </span> : ২৩২-৫৭৩৬, আই এল এস <span> </span> : ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ কসম্পৌকার লিফটান ক্লাব <span> </span> : ৯৮৫০০ ৩৩৭৭৬, শববাহী যান <span> </span> : নব আঙ্গীকার ৮৭৯৪৫১৪৩১১, সেন্ট্রাল রোড যুব সংস্থা <span> </span> : ৭৬৪২৮৪৬৬৫৬ বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলপামেন্ট সোসাইটি <span> </span> : ০৩৮১-২৩৭৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩০৫, ৯৪৬২৭০২৮২৩, সন্নাজ কল্যাণ ক্লাব <span> </span> : ৯৭৭৪৬৭০২৪২, সনযোগ সংঘ <span> </span> : ৯৪৩৬১৬৫৯২১, ৯৮৫৬৮৬৭১২০, ব্লু লোটাস ক্লাব <span> </span> : ৯৪৩৬৬৮২৫৬, ত্রিপুরা ট্রাক ওনার্স সিজিভি <span> </span> : ২৩৮-৫৮৫২, ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন <span> </span> : ২৩৮-৬৪২৬, রিলিভার্স <span> </span> : ৮৮৩৭০৫৯৫৯৮, কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন <span> </span> : ৮৯৭৪৫৬১৮১০, ত্রিপুরা ন্যায়মূল্যের লোকন পরিচালক সমিতি <span> </span> : ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৬৪৬৪, সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) <span> </span> : ৮৭২৯৯১১২৩৬, আগস্তক ক্লাব <span> </span> : ৭০০৫৪৬০০৩৫/৯৪৩৬৫৯১৮৯১, ত্রিপুরা নির্মাণ অ্রমিক ইউনিয়ন <span> </span> : ৮২৫৬৯৯৭ ফায়ার সার্ভিস <span> </span> : প্রধান স্টেশন <span> </span> : ১০১/২৩২-৫৬৩০, বাধারঘাট <span> </span> : ১০১/২৩৭-৪৩৩৩, কুঞ্জবন <span> </span> : ২৩৫-৩১০১, মহারাঞ্জগঞ্জ বাজার <span> </span> : ২৩৮ ৩১০১ পুলিশ <span> </span> : পশ্চিম থানা <span> </span> : ২৩২-৫৭৬৫, পূর্ব থানা <span> </span> : ২৩২-৫৭৭৪, আমতলী থানা <span> </span> : ২৩৭-০৩৫৮, এয়ারপোর্ট থানা <span> </span> : ২৩৪-২২৪৮, মিটি কন্ট্রোল <span> </span> : ২৩২-৫৭৮৪, বিদ্যুৎ <span> </span> : বনমালীপুর <span> </span> : ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। দুর্গা চৌমুহনী <span> </span> : ২৩২-০৭৩০, জিবি <span> </span> : ২৩৫-৬৪৪৮। বড়দেয়ালী <span> </span> : ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ আইজিএম <span> </span> : ২৩২-৬৪৫৫। বিমানবন্দর এয়ার ইন্ডিয়া <span> </span> : ২৩৪১১৯০২, ২৩৪-২০২০, এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর <span> </span> : ১৮৬০-২৩৬-১০০৭, ১৮০০-১৮০-১৪০৭, ইন্ডিগো <span> </span> : ২৩৪-১২৬৩, স্পাইস জেট <span> </span> : ২৩৪-৭৭৭৮, রেল সার্ভিস <span> </span> : রিজার্ভেশন <span> </span> : ২৩২-৫৫৩৩ আন্তর্জাতিক বাস সার্ভিস <span> </span> : টি আর টি সি বিল্ডিং <span> </span> : ২৩২-৫৬৮৫। আগরতলা রেলস্টেশন <span> </span> : ৩৩৮১-২৩৪৪৫১৫। |

## ভারতের চিজ বিশ্বমঞ্চে ছাপ ফেলাছে, ‘ভারতের স্বাদ পৌঁছচ্ছে বিশ্বে’: প্রধানমন্ত্রী মোদি

নয়াদিগ্লি, ২৬ এপ্রিল (আইএএনএস): ভারতের দুর্দশিঞ্জ আন্তর্জাতিক স্তরে দ্রুত এগোচ্ছে এবং ভারতীয় চিজ বিশ্বজুড়ে জনপ্রিয়তা পাচ্ছেএ কথা জানানলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। রবিবার নিজের মাসিক রেডিও অনুষ্ঠান মন কি বাত-এ তিনি এই বিষয়ে আলোকপাত করেন। প্রধানমন্ত্রী বলেন, “আমাদের দেশে খাদ্যসংস্কৃতি শুধু স্বাদের মধ্যে সীমাবদ্ধ নয়। ভারতীয় চিজ সেই ঐতিহ্যের একটি গুরুত্বপূর্ণ অংশ।” তিনি জানান, ব্রাজিলে আয়োজিত একটি আন্তর্জাতিক চিজ প্রতিযোগিতায় ভারতের দুটি চিজ ব্র্যান্ড সম্মানজনক পুরস্কার পেয়েছে, যা সোশ্যাল মিডিয়ায় ব্যাপক আলোচিত হয়েছে।

তিনি বলেন, “দুর্দশিঞ্জে এখন বড় পরিবর্তন আসছে। ভালু আউশনের মাধ্যমে আমাদের ঐতিহ্যবাহী স্বাদ নতুন পরিচিতি পাচ্ছে। আজ ভারতীয় চিজ বিশ্বে নিজের জায়গা করে নিচ্ছে। প্রত্যরূপাশ থেকে রাতের খাবারসব জায়গাতেই ভারতের স্বাদ পৌঁছে যাচ্ছে।” ভারতের বিভিন্ন প্রান্তের বিশেষ চিজের উদাহরণ তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, জম্মু ও কাশ্মীরের কালারি চীজ, যা ‘কাশ্মীরের মোংজারেল’ নামে পরিচিত, বহু প্রজন্ম ধরে গুজর-বাকারওয়াল সম্প্রদায় তৈরি করে আসছে।

তিনি আরও উল্লেখ করেন ছুরপিকা সিকিম, অরুণাচল প্রদেশ ও লাদাখে ইয়াকের দুধ থেকে তৈরি হয়। “এর স্বাদে পাহাড়ের সরলতা ও কোমলতা ধরা পড়ে,” বলেন তিনি।

এছাড়া মহারাষ্ট্র ও গুজরাটের টপলি নু পনির বা ‘সুরতি চিজ’-এর কথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

তিনি বলেন, “আমি কয়েকটি উদাহরণই দিলাম, কিন্তু আমাদের দেশের স্বাদের জগৎ অনেক বড়। এখন এই ঐতিহ্য নতুন শক্তি পাচ্ছে। বহু ভারতীয় সংস্থা এই ক্ষেত্রে বিনিয়োগ করছে, আধুনিক প্রযুক্তি ও উন্নত প্রযুক্তিিংয়ের ফলে পণ্য আন্তর্জাতিক মানে পৌঁছচ্ছে।”

প্রধানমন্ত্রী আরও বলেন, “লোকাল থেকে গ্লোবাল হওয়ার পথে ভারতীয় চিজ একটি উজ্জ্বল উদাহরণ। আমি বিশ্বাস করি, ভারতের স্বাদ, ঐতিহ্য ও গুণমান বিশ্ববাসীকে নতুন অভিজ্ঞতা দেবে এবং ভারতের সঙ্গে নতুন সম্পর্ক গড়ে তুলবে।”

## ‘মহান সাহিত্যিক ও চিন্তাবিদ’ রবীন্দ্রনাথ ঠাকুরকে শ্রদ্ধা জানানলেন প্রধানমন্ত্রী মোদি

নয়াদিগ্লি, ২৬ এপ্রিল (আইএএনএস): কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর-কে ‘বহুমুখী ব্যক্তিত্ব’ এবং ‘মহান সাহিত্যিক ও চিন্তাবিদ’ হিসেবে উল্লেখ করে তাঁকে শ্রদ্ধা জানানলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

রবিবার নিজের মাসিক রেডিও অনুষ্ঠান মন কি বাত-এর ১৩৩তম পর্বে তিনি বলেন, “দেশের বিভিন্ন প্রান্তে নববর্ষসহ নানা উৎসব উদ্‌যাপিত হয়েছে। কয়েক দিনের মধ্যেই ৯ মে ‘পঁচিশে বৈশাখ’-এ আমরা গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী পালন করব। গুরুদেব ছিলেন এক বহুমুখী প্রতিভা। তিনি শুধু একজন মহান সাহিত্যিক ও চিন্তাবিদই নন, বহু খ্যাতনামা প্রতিষ্ঠানের রূপকারও ছিলেন।”

প্রধানমন্ত্রী উল্লেখ করেন, রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে সাহিত্যে নোবেল পুরস্কার জয় করে প্রথম এশীয় হিসেবে ইতিহাস গড়েন। তাঁর সাহিত্য, সঙ্গীত ও চিন্তাধারা আজও বিশ্বজুড়ে প্রভাব বিস্তার করে চলেছে। তিনি বলেন, “গুরুদেব গ্রামোন্নয়ন ও টেকসই কর্মসংস্থানের জন্য শিল্প গড়ে তোলার পক্ষে ছিলেন। রবীন্দ্র সঙ্গীত-এর প্রভাব আজও বিদ্যোপাী বিস্তৃত।”

শান্তিনিকেতনে নিজের সফরের স্মৃতিও তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, শান্তিনিকেতন এমন একটি প্রতিষ্ঠান, যা রবীন্দ্রনাথ নিজের দিন্দী ও আদর্শ দিয়ে গড়ে তুলেছিলেন। “সেখানে আমার সফর আজও স্মরণীয় হয়ে রয়েছে,” বলেন তিনি। প্রধানমন্ত্রী আরও বলেন, মে মাস আমাদের ১৮৫৭ সালের প্রথম স্বাধীনতা যুদ্ধের কথাও মনে করিয়ে দেয়। তিনি দেশমাতৃকার জন্য আত্মত্যাগ করা বীরদের প্রতি শ্রদ্ধা জানান।

একইসঙ্গে গ্রীষ্মের ছুটিতে থাকা ছাত্রছাত্রীদের উদ্দেশে তিনি বলেন, ছুটির সময়কে উপভোগ করার পাশাপাশি নতুন কিছু শেখার চেষ্টা করতে এবং স্বাস্থ্যের যত্ন নিতে।

# আরজি কর কাণ্ডের নির্যাতিতার মাকে প্রার্থী করা মহিলাদের সুরক্ষায় বিজেপির প্রতিশ্রুতির প্রমাণ: প্রধানমন্ত্রীর দাবি

কলকাতা, ২৬ এপ্রিল (আইএএনএস): আরজি কর মেডিক্যাল কলেজ কাণ্ডের নির্যাতিতার মাকে প্রার্থী করা পশ্চিমবঙ্গে মহিলাদের নিরাপত্তার প্রতি বিজেপির অঙ্গীকারেরই প্রতিফলনএমনই দাবি করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

রবিবার উক্ত ২৪ পরগনার ঠাকুরনগরে এক নির্বাচনী সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, “মা-বোনরা তৃণমূল কংগ্রেসের শাসনে জন্মলব্ধারাজের শিকার হয়েছেন। তাঁদের চোখের রাগ প্রথম দফার ভোটে উচ্চ শতাংশে প্রতিফলিত হয়েছে।”

উল্লেখ্য, আরজি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে ২০২৪ সালের অগস্টে ঘটে যাওয়া ধর্ষণ ও খুনের ঘটনায় ইতর তরঙ্গী চিকিৎসককে মা স্বপ্না দেবনাথকে বিজেপি পার্টিঘাটি বিধােসভাড়া কক্ষে থেকে প্রার্থী করেছে। এই ক্ষেত্রেই রয়েছে ওই চিকিৎসকের পৈতৃক বাড়ি।

প্রধানমন্ত্রী অভিযোগ করেন, “সন্দেহখালিতে মহিলাদের উপর অত্যাচার হয়েছে এবং তৃণমূলের ক্ষতিগ্ণ দৃষ্টিভা়ী তা করেছে। রাজ্যে প্রতিদিনই মেয়েরা নির্যাতিত হচ্ছে, নির্যোজি হচ্ছে। তৃণমূল কংগ্রেস মহিলাদের নির্যে ভাবে না, বিজেপিই তাঁদের সুরক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ।”

তিনি আরও বলেন, “লোকসভা নির্বাচনে সন্দেশখালি়ে এক প্রতিবাদী মহিলাকে প্রার্থী করা হয়েছিল। এবার হাসপাতালের এক নির্যাতিতার মাকে প্রার্থী করা হয়েছেএটাই প্রমাণ করে বিজেপি মহিলাদের পাশে রয়েছে।”এদিন তিনি আশ্বাস দেন, পশ্চিমবঙ্গের বিজেপি ক্ষমতায় এলে শুধু নিরাপত্তা নয়, মহিলাদের সামগ্রিক ক্ষমতায়নের দিকেও জোর দেওয়া হবে। তাঁর কথায়, আর্থিকভাবে পিছিয়ে থাকা মহিলাদের বছরে অন্তত এক লক্ষ টাকা আয় নিশ্চিত করা হবে এবং স্বল্প সুদে ঋণ পেতে সহায়তা করা হবে।

এছাড়া মহিলাদের জন্য মাসিক ৩,০০০ টাকা ভাতা (বার্ষিক ৩৬,০০০ টাকা) দেওয়ার প্রতিশ্রুতি দেন তিনি। একইসঙ্গে রাজ্য সরকারি চাকরিতে ৩০ শতাংশ সংরক্ষণ চালুর পক্ষেও বলেন।

নির্বাচনী প্রচারণের মাঝখানে ‘ঝালমুড়ি’ খাওয়ার প্রসঙ্গ টেনে তৃণমূল কংগ্রেসকে কটাক্ষ করে প্রধানমন্ত্রী বলেন, “আমার ঝালমুড়ি খাওয়া দেখে কেউ বিতর্ক করেনি। কিন্তু বাংলার যুবকদের সূজনশীলতা দেশজুড়ে প্রশংসা পাচ্ছে। বিজেপি সেই সূজনশীলতাকেই শক্তিতে পরিণত করেছে।”

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক তরঙ্গা তুঙ্গে, আর তার মধ্যেই মহিলাদের নিরাপত্তা ও ক্ষমতায়ন ইত্যুতে তীব্র আক্রমণ-প্রতিআক্রমণের সাক্ষী হচ্ছে বঙ্গ রাজনীতি।

## বিশালগড়ে বর্ণাঢ্য আয়োজনে চিত্রাঙ্গন আর্ট স্কুলের ২৪তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৬ এপ্রিল: বিশালগড় নতুন টাউন হলে চিত্রাঙ্গন আর্ট স্কুলের উদ্যোগে রবিবার বর্ণাঢ্য আয়োজনে পালিত হল প্রতিষ্ঠানের ২৪তম প্রতিষ্ঠা বার্ষিকী, বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান। সকাল প্রায় ১০টায় অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন ত্রিপুরা সরকারি আর্ট কলেজের প্রফেসর ড. দেবব্রত দাস। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারপারসন অতুলি দাস, বিশালগড় গ্রেস ক্লাবের সম্পাদক তাজুল ইসলাম এবং সভাপতি ভগ্নতোষ ঘোষা। এছাড়াও উপস্থিত ছিলেন চিত্রাঙ্গন আর্ট স্কুলের সভাপতি, সম্পাদকসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকা ও বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানের সূচনায় অতিথিদের ফুলের তোড়া ও ব্যাজ পরিয়ে উষ্ণ অভ্যর্থনা জানানো হয় এবং স্মারক প্রদান করা হয়। প্রায় ২০০০ ছাত্রছাত্রী এবং বিপুল সংখ্যক অভিভাবক-অভিভাবিকার উপস্থিতিতে টাউন হল প্রাঙ্গণ উৎসবমুখর হয়ে ওঠে। অনুষ্ঠানে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করে চিত্রাঙ্গন আর্ট স্কুলের ছাত্রী নন্দিনী, যিনি গোটা দেশের প্রায় ১ লক্ষ ৯২ হাজার প্রতিযোগীর সঙ্গে প্রতিযোগিতা করে পুরস্কৃত হয়ে রাজ্যের মুখ উজ্জ্বল করেছেন। তাঁকে বিশেষভাবে সংবর্ধনা জানানো হয়। ছাত্রছাত্রীদের মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা ও চিত্র উপস্থাপনা দর্শকদের মুগ্ধ করে। এর আগে গত শুক্রবার থেকে টাউন হল প্রাঙ্গণে শুরু হওয়া দুই দিনব্যাপী শিশু চিত্র প্রদর্শনীও ব্যাপক সাড়া ফেলে।

অনুষ্ঠানে বক্তারা স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের প্রশংসা করে বলেন, তাঁদের নিরলস প্রচেষ্টার ফলেই এত বড় আকারে এই অনুষ্ঠান সফলভাবে আয়োজিত হয়েছে। পাশাপাশি বিশালগড়ের বিপুল সংখ্যক শিশু-কিশোরকে শিল্পকলার জগতে যুক্ত করার জন্য প্রতিষ্ঠানটির ভূমিকাকেও বিশেষভাবে তুলে ধরা হয়। সার্বিকভাবে, তিন দিনব্যাপী এই আয়োজন বিশালগড়ের সাংস্কৃতিক পরিমণ্ডলে এক নতুন দৃষ্টান্ত স্থাপন করেছে।

## বাধারঘাট মন্ডলের উদ্যোগে ‘মন কি বাত’-এর ১৩৩তম পর্ব সম্প্রচার, শুনলেন সাংসদ রাজীব ভট্টাচার্য

আগরতলা, ২৬ এপ্রিল: বাধারঘাট মন্ডলের উদ্যোগে ২৪ নং বুথে রবিবার সাড়ম্বরে প্রধানমন্ত্রীর জনপ্রিয় রেডিও অনুষ্ঠান ‘মন কি বাত’-এর ১৩৩তম পর্ব সম্প্রচার অনুষ্ঠিত হয়। চারিপাড়া স্কুলের চারুধর মুখ উজ্জ্বল করে আয়োজিত এই অনুষ্ঠানে দলীয় কর্মী-সমর্থক সহ স্থানীয় বাসিন্দাদের উল্লেখযোগ্য উপস্থিতি লক্ষ্য করা যায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, বিধায়িকা মিনা রানী সরকার, মন্ডল সভাপতি মনিস দেব সহ অন্যান্য নেতৃত্ব ও বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠান চলাকালীন সবাই মনোযোগ সহকারে প্রধানমন্ত্রীর বক্তব্য শোনেন।

অনুষ্ঠান শেষে সাংসদ রাজীব ভট্টাচার্য সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, এবারের ‘মন কি বাত’ অনুষ্ঠানে ত্রিপুরা সহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলের ঐতিহ্যবাহী বাঁশ শিল্পকে বিশেষ গুরুত্ব দিয়ে তুলে ধরলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, প্রধানমন্ত্রী তার বক্তব্যে রাজ্যের দুইজন শিল্পীর নাম উল্লেখ করেছেন, যা ত্রিপুরার জন্য অত্যন্ত গর্বের বিষয় এবং শিল্পীদের প্রতি এক বড় স্বীকৃতি।

তিনি আরও বলেন, এর ফলে শুধু বাঁশ শিল্পের প্রতি মানুষের আগ্রহ বাড়বে না, বরং এই শিল্পের সঙ্গে যুক্ত কারিগররা নতুন করে উৎসাহ ও প্রেরণা পাবেন। পাশাপাশি রাজ্যের এই ঐতিহ্যবাহী শিল্প জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রেও আরও প্রসার লাভ করবে বলে আশা প্রকাশ করেন তিনি। অনুষ্ঠানকে কেন্দ্র করে এলাকায় উৎসবমুখর পরিবেশের সৃষ্টি হয় এবং উপস্থিত সকলেই প্রধানমন্ত্রীর বক্তব্যে অনুপ্রাণিত হন বলে জানা উদ্যোক্তারা।

## কৈলাসহরে রাজ্যভিত্তিক যোগা আসন প্রতিযোগিতা শুরু

কৈলাসহর, ২৬ এপ্রিল: উনকোটি জেলার কৈলাসহরের উনকোটি কলাক্ষেত্রে শুরু হয়েছে রাজ্যভিত্তিক যোগা আসন প্রতিযোগিতা। আশরাফ যোগা সেন্টারের উদ্যোগে আয়োজিত এই প্রতিযোগিতায় রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে প্রতিযোগীরা অংশগ্রহণ করেছেন।

অনুষ্ঠানের উদ্বোধনী মঞ্চে উপস্থিত ছিলেন উনকোটি জেলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস, ত্রিপুরা গুণাক্ষর বোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ মফস্বর আলী, জাতীয় স্তরের বিচারক সত্য ঘোষ এবং আশরাফ যোগা সেন্টারের কর্ণধার মোহাম্মদ আশরাফ আলীসহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, রাজ্যের বিভিন্ন জায়গায় অবস্থিত আশরাফ যোগা সেন্টারের শাখা থেকে প্রতিযোগীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে। মোট পাঁচটি বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। প্রতিযোগিতা শেষে সন্ধ্যায় অনুষ্ঠিত হবে পুরস্কার বিতরণী অনুষ্ঠান। এই প্রতিযোগিতার মাধ্যমে যোগাসনের প্রতি আগ্রহ বাড়ানো এবং প্রতিভাবান প্রতিযোগীদের তুলে ধরাই মূল লক্ষ্য বলে জানান আয়োজকরা।

## আগরতলায় বিদ্যাসাগর সেতুর কাছে ভয়াবহ পথ দুর্ঘটনা, গুরুতর জখম বাইক আরোহী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল: রাজ্যে পথ দুর্ঘটনার সংখ্যা ক্রমশই বেড়ে চলেছে। তারই মধ্যে ফের এক ভয়াবহ দুর্ঘটনার ঘটনা সামনে এলো আগরতলা শহর সলংগ বিদ্যাসাগর সেতুর কাছে। জানা যায়, গতকাল গভীর রাতে, আনুমানিক রাত ১২টা নাগাদ বিদ্যাসাগর ব্রিজের নিকটে একটি গুরুতর সড়ক দুর্ঘটনা ঘটে। এতে এক বাইক চালক মারাত্মকভাবে আহত হন। দুর্ঘটনার পর স্থানীয়রা উড়্ঘড়ি তাকে উদ্ধার করে আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করেন। হাসপাতাল সুদে জানা গেছে, আহত ব্যক্তির শারীরিক অবস্থা অত্যন্ত সংকটজনক। চিকিৎসকরা তাকে নিবিড় পর্যবেক্ষণে রেখেছেন। পুলিশ ইতিমধ্যেই ঘটনার তদন্ত শুরু করেছে এবং একটি মামলা রফ্ফু করা হয়েছে।। প্রাথমিকভাবে অনুমান করা হচ্ছে, অতিরিক্ত গতির কারণেই বাইক চালক নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার কবলে পড়েন। এই ঘটনাকে কেন্দ্র করে আবারও শহরে বেপরোয়া গতিতে যান চালানোর বিষয়টি নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে।

### প্রয়াত মৃন্ময় চৌধুরীর স্মৃতিতে মেগা স্বাস্থ্য শিবির, তিনশোর বেশি মানুষের স্বাস্থ্য পরীক্ষা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ এপ্রিল: ত্রিপুরা কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ একটি মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। প্রয়াত কালিকা জুয়েলারির মালিক মৃন্ময় চৌধুরীর স্মৃতির উদ্দেশ্যে এই শিবিরের আয়োজন করা হয়।

জানা যায়, কালিকা জুয়েলারি ও ত্রিপুরা কেমিস্ট অ্যান্ড ড্রাগিস্ট অ্যাসোসিয়েশনের বৌধ উদ্যোগে এই বিশেষ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। অ্যাসোসিয়েশনের কার্যালয়ে অনুষ্ঠিত এই শিবিরে বিভিন্ন ধরনের স্বাস্থ্য পরীক্ষা ও স্ক্রিনিংয়ের ব্যবস্থা করা হয়। প্রায় তিনশোরও বেশি সাধারণ মানুষ এই শিবিরে এসে স্বাস্থ্য পরীক্ষা করান। উপস্থিত চিকিৎসকরা রোগীদের বিভিন্ন শারীরিক সমস্যা পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।

এ ধরনের উদ্যোগকে কেন্দ্র করে সাধারণ মানুষের মধ্যে ব্যাপক সাড়া ও উৎসাহ লক্ষ্য করা যায়। উদ্যোক্তাদের মতে, ভবিষ্যতেও এ ধরনের জনকল্যাণমূলক কর্মসূচি চালিয়ে যাওয়ার পরিকল্পনা রয়েছে।

# পৃষ্ঠা ৬

# কাল বৈশাখীর তাড়বে

● **প্রথম পাতার পর**

ঘটনাস্থলে এসে উদ্ধারকাজ শুরু করেন। পাশাপাশি খবর পেয়ে জেলাবাইভাী থানার পুলিশও দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

যদিও প্রশাসনের পক্ষ থেকে ডিজাস্টার ম্যানেজমেন্ট টিমকে খবর দেওয়া হয়েছিল, তবে তারা নির্ধারিত সময়ে উপস্থিত হতে পারেননি বলে অভিযোগ উঠেছে। এই ঘটনাকে কেন্দ্র করে স্থানীয়দের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। বর্তমানে এলাকায় স্বাভাবিক পরিস্থিতি ফেরাতে জোরকদমে কাজ চালিয়ে যাচ্ছে ফায়ার সার্ভিস ও পুলিশ প্রশাসন।

## উচ্ছেদের নোটিশ ঘিরে

● **প্রথম পাতার পর**

উগরে দেন। তাঁদের ঐশিয়ারি, পূর্ববাসনের সুনির্দিষ্ট ব্যবস্থা না হওয়া পর্যন্ত তাঁরা বাড়িঘর ছাড়বেন না। এমনকি প্রয়োজনে জীবন দিতেও প্রস্তুত, তবুও ঘর ভাঙতে দেবেন না বলেও সাফ জানিয়ে দেন আন্দোলনকারীরা। ঘটনাস্থলে প্রশাসনের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলছে বলে জানা গেছে।

### প্রশাসনিক হস্তক্ষেপে

● **প্রথম পাতার পর**


বর্তমানে প্রশাসন ও পুলিশের নজরদারিতে সবকিছু স্বাভাবিক রয়েছে। অন্যদিকে, পরিবেশায় নিযুক্ত সহায়ক দলের সদস্যরাও জানান, পর্যটকদের পরিষেবা দিতে তারা প্রতিক্রমিত্বক এবং ভবিষ্যতেও একইভাবে পরিষেবা প্রদান করবেন।

### আগামী ২৪ ঘন্টায় রাজ্যে

● **প্রথম পাতার পর**

বৃষ্টি এবং বজ্রসহ বৃষ্টিপাত চলবে। তাপমাত্রার পূর্বাভাসে বলা হয়েছে, আগামী ২৪ ঘন্টায় সবেজি তাপমাত্রা স্বাভাবিকের থেকে কিছুটা বেশি থাকতে পারে, তবে এরপর তা স্বাভাবিকের কাছাকাছি থাকবে। অন্যদিকে, সর্বনিম্ন তাপমাত্রা আগামী ৩-৪ দিন স্বাভাবিকের থেকে ২-৩ ডিগ্রি সেলসিয়াস কম থাকতে পারে।

এই পরিস্থিতিতে সাধারণ মানুষকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছে আবহাওয়া দপ্তর। বজ্রপাতের সময় শোনা জায়গায় না থাকা,



# ব্লাড মাউথের বিজয় রথ থামিয়ে স্ফুলিঙ্গ ফাইনালে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। রোমাঞ্চকর জয় স্ফুলিঙ্গ ক্লাবের। তাও অপরাধের ব্লাডমাউথের বিজয় রথ থামিয়ে। তিন রানের ব্যবধানে শ্বাসরুদ্ধকর জয় ছিনিয়ে স্ফুলিঙ্গ ক্লাব ফাইনালে প্রবেশ করেছে। খেলা ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত সন্নীপ চক্রবর্তী স্মৃতি টি-টোয়েন্টি টুর্নামেন্টে। নীপ পর্যায়ে পরপর ছয়টি ম্যাচে জয়ের পর কোয়ার্টার ফাইনালেও অপরাধের ব্লাড মাউথকে সেমিফাইনালে নক আউট হতে হয়েছে স্ফুলিঙ্গের

কাছে হেরে। টিআইটি প্রাইভেট সকাল সাড়ে আটটায় ম্যাচ শুরুতে স্ফুলিঙ্গ ক্লাব প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পায়। নির্ধারিত কুড়ি ওভারে আট উইকেট হারিয়ে ১৯৩ রান সংগ্রহ করে দলের পক্ষে দীপক কুমার মাহাতোর ৩৯ রান, শচীন শর্মার ২১ বলে ৩৫ রান এবং জয়দীপ বণিকের ২২ বলে ৩৫ রান উল্লেখ করার মতো। ব্লাড - মাউথের অভিযায়ক মনিশঙ্কর মুবাসিং ২৭ রানে তিনটি এবং সঞ্জয় মজুমদার ৪৩ রানে দুটি উইকেট পায়। জবাবে

ব্যাট করতে নেমে ব্লাড মাউথের ব্যাটার্স বিশেষ করে ওপেনার বিক্রম কুমার দাস দারুণভাবে ৪০ বল খেলে সাভটি বাউন্ডারিও একটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৫৯ রান সংগ্রহ করলেও অন্যরা সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারেনি বলে শেষ রক্ষা হয়নি। উদয়ান বোসের ব্যাট থেকে ১৬ বলে ৩৭ রান, আনন্দ ভৌমিকের ব্যাট থেকে ২৩ বলে ৩৭ রান যথেষ্ট কার্যকরী হলেও অন্তিম সময়ে সেন্ট, সরকার অপরাধিত ১৬ এবং সঞ্জয়

মজুমদার অপরাধিত দুই রানে যথেষ্ট চেষ্টা করেও ১৯০ রানে নির্ধারিত কুড়ি ওভার শেষ হয়ে যায়। বিনিময়ে সাত উইকেট হারাতে হয়। তিন রানে শ্বাসরুদ্ধকর জয় ছিনিয়ে স্ফুলিঙ্গ ক্লাবের বৈভব পাল, সন্দীপ সরকার ও অজয় সরকার প্রত্যেকে দুটি করে উইকেট পেয়েছিলেন। দুর্দান্ত ব্যাটিংয়ের সৌজন্যে দীপক কুমার মাহাতো পেয়েছেন প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাব।

## ৩ গোলে জয়ী বৈশ্যমনি পাড়া স্পোর্টস সোসাইটি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। ঘুরে দাঁড়াতে সক্ষম হয়েছে ফুলো বানু অ্যাথলেটিক্স ক্লাবের মেসেরা। খেলা ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন আয়োজিত অনূর্ধ্ব ১৬ বালিকাদের অম্মিতা সিটি লীগ ফুটবল টুর্নামেন্টে। দ্বিতীয় দিনে ফুলো বানু অ্যাথলেটিক্স ক্লাব আজ, রবিবার নুনতম গোলের ব্যবধানে হাফানিয়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয় দলকে পরাজিত করেছে। খেলার প্রথমার্ধে ২৫ মিনিটের মাথায় মুন্সী উড়া ফুলো বানু অ্যাথলেটিক্স ক্লাবের হয়ে জয়সূচক গোলাট করে। উল্লেখ্য, শনিবারে কিন্তু প্রথম ম্যাচে ফুলো বানু অ্যাথলেটিক্স ক্লাব ০-৬ গোলের ব্যবধানে ত্রিপুরা স্পোর্টস স্কুল পানিমাগরের কাছে পরাজিত হয়েছিল। আজ বিকেল সাড়ে তিনটায় দিনের অপর খেলায় বৈশ্যমনি পাড়া স্পোর্টস সোসাইটি ৩-০ গোলের ব্যবধানে নবোদয় সংঘ কে পরাজিত করে প্রথম ম্যাচে প্রথম জয়ের স্বাদ পেয়েছে। প্রথমার্ধে বিজয়ী দল দুই-শূন্য গোলে এগিয়ে ছিল। খেলার ৮ মিনিটের মাথায় মিতা জমতিয়া এবং ১৫ মিনিটের মাথায় পায়েল জমতিয়া পরপর দুটো গোল করে দলকে এগিয়ে দেয়। খেলার ৪২ মিনিটের মাথায় সুরঙ্গ রানী জমতিয়া আরও একটি গোল করলে ব্যবধান বেড়ে তিন-শূন্য হয়। উল্লেখ্য নবোদয় সংঘ শনিবার টুর্নামেন্টের প্রথম দিনে ০-৪ গোলের ব্যবধানে খুসুই একাডেমীর কাছেও পরাজয় স্বীকার করেছিল।

## ধুঁকতে থাকা মুম্বইয়ের হাল ফেরাতে কবে নামবেন রোহিত? জানা গেল দিনক্ষণ

পাঁচখানা আইপিএল ট্রফির মালিক মুম্বই ইন্ডিয়ান। কিন্তু গত তিনটে বছর তাদের সাফল্যের ভাঁড়ার একেবারে শূন্য। চলতি মরশুমে সাত ম্যাচে মাত্র দুটি জয় পেয়েছে হার্ডিক পাণ্ডিয়ার দল। পয়েন্ট টেবিলে আটো। এই পরিস্থিতিতে অনেকেই বলছেন, মুম্বইয়ের জন্য অভিজ্ঞ হার্ডিক পাণ্ডিয়ার দলকে একমাত্র রোহিত শর্মা। যিনি চোটের কারণে আপাতত খেলতে পারছেন না। এখন কেমন রয়েছেন হার্ডিক পাণ্ডিয়ার দল? কবে মাঠে ফিরবেন? জানা গেল সেই দিনক্ষণ। জয় দিয়ে এবারের আইপিএল অভিযান শুরু হয়েছিল মুম্বইয়ের। অতীতের দিল্লি কাপিতালস, রাজস্থান রয়্যালস, রয়্যাল চ্যালঞ্জার্স বেঙ্গালুরু, পাঞ্জাব কিংসের বিরুদ্ধে হারতে হয়েছে হার্ডিক পাণ্ডিয়ার নেতৃত্বাধীন দলকে। গুজরাট টাইটান্সের বিরুদ্ধে জয়ে স্বস্তি ফিরেছিল। কিন্তু একটা ম্যাচ যেতে

না যেতেই ফের কঙ্কালসার চেহারাটা স্পষ্ট হয় মুম্বই ইন্ডিয়ান শিবিরে। আইপিএলের ‘এল ক্লাসিকো’তে মুম্বই ইন্ডিয়ানকে একতরফাভাবে হারায় চেমাই সুপার কিংস। ১০৩ রানে হেরে মুম্বই ইন্ডিয়ানের ইতিহাসে সবচেয়ে বড় ব্যবধানে হারের লঙ্কার নজিরও গড়ে তারা। এই কোণঠাসা পরিস্থিতিতে কিছুটা হলেও সুখবর মুম্বই শিবিরে। চোট কাটিয়ে মাঠে ফেরার পথে রোহিত শর্মা। ২৯ এপ্রিল সানরাইজার্স হায়দরাবাদের বিরুদ্ধে ওয়াংখেড়ে স্টেডিয়ামে নামার সম্ভাবনা রয়েছে। প্রাক্তন ভারত অধিনায়কের। এবারের আইপিএলে আরসিবির বিরুদ্ধে ম্যাচের মাঝেই চোট পেয়ে বেরিয়ে যান রোহিত শর্মা। হ্যামস্ট্রিংয়ের চোট কাটিয়ে পুরো ব্যাট করতে পারেননি তিনি। ৫.২ ওভারে আচমকই হ্যামস্ট্রিংয়ে সমস্যা অনুভব

করেন। মাঠের মধ্যে চিকিৎসা করেও লাভ হয়নি। ‘রিটার্নড হার্ট’ হয়ে মাঠ ছাড়তে বাধ্য হন তিনি। পরে চোটের জায়গায় স্ক্যানও হয় তাঁর। সেই রোহিত এখন ফিট হওয়ার পথে। এক আন্তর্জাতিক ক্রিকেট ওয়েবসাইট সূত্রে জানা গিয়েছে, ধীরে ধীরে সম্পূর্ণ ফিটনেসের দিকে এগোচ্ছেন রোহিত। নিয়মিত অনুশীলনও করছেন। তাঁর ফেরা নিয়ে যথেষ্ট আশাবাদী মুম্বই ইন্ডিয়ানের কোচি স্টাফ। তাঁর কথায়, “পুরো ফিট হওয়ার জন্য কঠোর পরিশ্রম করছেন রোহিত।” চলতি মরশুমে এখনও পর্যন্ত রোহিতের ব্যাট থেকে এসেছে ১৩৭ রান। স্ট্রাইক রেট ১৬.৫। টুর্নামেন্টের প্রথম ম্যাচে কলকাতা নাইট রাইডার্সের বিরুদ্ধে ৩৮ বলে ৭৮ রানের ঝড়ো ইনিংসই তাঁর একমাত্র অর্ধশতরান।

# বৃষ্টি বিঘ্নিত ম্যাচে ২ রানের ব্যবধানে শতদলকে হারিয়ে জেসিসি ফাইনালে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা। বৃষ্টি বিঘ্নিত ম্যাচে রোমাঞ্চকর জয় পেয়েছে জয়নগর ক্রিকেট ক্লাব। ঠিক ২ রানের ব্যবধানে শক্তিশালী শতদল সংঘ কে হারিয়ে জেসিসি ফাইনালে উন্নীত হয়েছে। খেতাবি লড়াইয়ে খেলার স্ফুলিঙ্গ ক্লাবের বিরুদ্ধে। খেলা টিসিএ আয়োজিত সন্নীপ চক্রবর্তী স্মৃতি টি-টোয়েন্টি টুর্নামেন্টে। বেল্লা একটায় ম্যাচ শুরুতে

জয়নগর ক্রিকেট ক্লাব প্রথমে ব্যাটিংয়ের সুযোগ পায়। ১৯ ওভার খেলে পাঁচ উইকেটের বিনিময়ে ১৮৩ রান সংগ্রহ করতেই বৃষ্টিতে ম্যাচ থেমে যায়। দলের পক্ষে রজত দে-৭২ রান এবং ধনঞ্জয় যাদবের ৩০ রান যথেষ্ট উল্লেখযোগ্য। রজত ৪২ বল খেলে তিনটি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি মেসে ৭২ রান সংগ্রহ করে। ধনঞ্জয় একুশ বল খেলে তিনটি

বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি মেসে ৩০ রান পায়। শতদল সংঘের চিরঞ্জিত পাল ৩৮ রানে দুই উইকেট পেয়েছেন। জবাবে শতদল সংঘ ব্যাট করতে নামলে বৃষ্টিতে ম্যাচ থেমে থাকার কারণে খেলার পরিসর কমিয়ে আনা হয়। ট্যাগেট রাখা হয় ৯৮ রানের তাও ১০ ওভার এর মধ্যে। শতদল সংঘের ব্যাটার্সরা যথেষ্ট চেষ্টা করেও ঠিক এক বল বাকি থাকতে ৯৫ রানে

ইনিংস গুটিয়ে নিতে বাধ্য হয়। দলের পক্ষে দেব বার্নালে সর্বাধিক ৩৩ রান পায়। জেসিসি-র সানি সিং এবং অভিঞ্জিৎ দেববর্মা দুজনেই ১৬ করে রান দিয়ে দুটি করে উইকেট তুলে নেয়। দুই রানের ব্যবধানে রোমাঞ্চকর জয় ছিনিয়ে জয়নগর ক্রিকেট ক্লাব ফাইনালে খেলার ছাড়পত্র ছিনিয়ে নিয়েছে। দুর্দান্ত ব্যাটিংয়ের স্বীকৃতি হিসেবে রজত পেয়েছে প্লেয়ার অফ দ্যা ম্যাচের খেতাব।

# আবার ভারতের জার্সি গায়ে চাপানোর স্বপ্ন দেখছেন আর এক পাণ্ড্য!

দেশের হয়ে পাঁচটি এক দিনের ম্যাচ এবং ১৯টি টি-টোয়েন্টি খেলেছেন। তবে শেষ ম্যাচ পাঁচ বছর আগে। আইপিএলে ভাল খেলার স্মৃতিতে ত্রুণাল পাণ্ড্য চাইছেন আবার ভারতীয় দলের জার্সি গায়ে চাপাতে। তবে এটাও জানিয়েছেন, লড়াই কঠিন। তাঁর নিয়ন্ত্রণে কিছু নেই। তিনি শ্রেফ নিজের সেরাটা দিতে চান। ত্রুণালের গুজরাতের বিরুদ্ধে চাপের মুখে অপরাধিত ২৩ রান করে জিতিয়েছেন বেঙ্গালুরুকে। নজর কাড়ছে তাঁর বোলিংও। ম্যাচের পর ‘জিয়াস্টার’-এ তিনি বলেছেন, “দীর্ঘ জার্সিতে খেলার চেয়ে বড় কিছু হয় না। আমার লক্ষ্য বরারই ভারতের হয়ে খেলা। কিন্তু আমার

নিয়ন্ত্রণে তো কিছু নেই। ধারাবাহিক পারফরম্যান্স এগুলোই দলকে ম্যাচ জেতানো, এগুলোই আমার নিয়ন্ত্রণে রয়েছে।” ত্রুণাল জানিয়েছেন, গুজরাবর ব্যাট করতে নামার মুহূর্তে বেশ চাপ ছিল তাঁর উপর। বিশেষ করে যেখানে তিনি ব্যাট করেননি বেশি। তবে অভিজ্ঞতা কাজে লাগিয়ে পরিস্থিতি সামলেছেন তিনি। ত্রুণালের কথায়, “চাপ ছিল। আমরা সপ্তম বা অষ্টম ম্যাচ খেতে নেমেছিলাম। এই ম্যাচের আগে মাত্র দু’বার বোলিংও ম্যাচের সুযোগ পেয়েছি। কখনও সখনও ব্যাট করার সুযোগ না পেলে অজান্তেই একটা চাপ তৈরি হয়ে যায়। তবে দীর্ঘ দিন ধরে এই ভূমিকা পালন

করছি। তিন থেকে আটো ব্যাট করেছি। যা অভিজ্ঞতা হয়েছে সেটাই কাজে লাগানোর চেষ্টা করছি। শান্ত থেকেই সাফল্য পেয়েছি।” ত্রুণাল জানিয়েছেন, দীর্ঘ খেলার অভিজ্ঞতা থেকে এখন তাঁর কাছে চাপ সামলানো সহজ হয়ে গিয়েছে। বলেছেন, “ক্রিকেট জীবন থেকে অনেক কিছু শিখি। আপনাদের কাছে একটাই মন্তব্য রয়েছে। জীবন এবং খেলাখুলো, একটাই মস্তিষ্ক কাজে লাগাতে হয়। তাই ব্যক্তি হিসাবে নিজের উন্নতি বরাদ্দ চেয়েছি। সে কারণেই এমন ক্রিকেট খেলতে পেরেছি।”

# চড় কাণ্ড থেকে কোটি টাকা কামিয়েছেন হরভজন! বিশ্ফারক অভিযোগ তুলে বড় পদক্ষেপ শ্রীসন্তের

ফের চর্চায় ১৮ বছর পুরনো হরভজন সিং ও শ্রীসন্তের চড় কাণ্ড। এবার ভাঙ্কিকে আক্রমণ করে বসলেন শ্রীসন্ত। প্রাক্তন পেসারের দাবি, এই চড় কাণ্ডকে নিয়ে বিজ্ঞাপন বানিয়ে কোটি টাকা আয় করেছেন হরভজন। যে বিতর্ক তিনি ভুলে যেতে চাইছেন, সেটাকে কাজে লাগিয়ে ফায়দা তুলছেন প্রাক্তন স্পিনার। ঠিক কী ঘটছে? সম্ভ্রতি একটি বিজ্ঞাপনে দেখা গিয়েছে, হরভজন চড় মেরে পুরনো জিনিস সারানোর ব্যবস্থা করছেন। তার মধ্যে একটি চরিত্রের নাম রাখা হয়েছে ‘শ্রীমান’।

তাঁর মাথায় শ্রীসন্তের মতো ফেটি বাঁধা। পুরনো স্মাগপেট কাণ্ডকে এভাবেই ফিরিয়ে এনেছেন হরভজন। আর তাতেই চটেছেন শ্রীসন্ত। প্রাক্তন পেসারের ক্ষোভ, “আমি কখনই কোনও সাক্ষাৎকারে হরভজনকে নিয়ে কিছু বলিনি। এই প্রথমবার বলছি। কিন্তু ও এটা নিয়ে একটা বিজ্ঞাপন বানিয়েছে। এর থেকে ও প্রায় ৮০ লাখ থেকে ১ কোটি টাকা আয় করেছে। তারপর আমাকে ফোন করে বলে এটা আমার সোশাল মিডিয়ায় স্টোরিতে

দিতে। আমি ওকে বলি, ‘আমি ক্ষমা করেছি ঠিকই, তবে কখনও তুলব না।’ যদি তুমি তুলে যাও, তাহলে সে একই কাজ আবার করবে। হরভজন সীতা প্রমাণ করল।” শ্রীসন্তের আরও দাবি, নিজের সোশাল মিডিয়ায় হরভজনকে নিয়ে পোস্ট করার সাহস হয়নি হরভজনের। সেই সঙ্গে ইনস্টায় তাঁকে ব্লকও করে দিয়েছেন শ্রীসন্ত। উল্লেখ্য, আইপিএলের প্রথম মরশুমেই বিতর্কে জড়িয়েছিলেন হরভজন সিং। তখন মুম্বই ইন্ডিয়ালে খেলতেন তিনি। ম্যাচের শেষে

আচমকই কিংস ইলেভেন পাঞ্জাবের শ্রীসন্তকে চড় কবিয়েছিলেন ভাঙ্কি। টিভি ক্যামেরায় দেখা গিয়েছিল, চড় খেয়ে শ্রীসন্তের চোখ থেকে জল পড়ছে। তা নিয়ে পরে হরভজন প্রকাশ্যে ক্ষমাও চেয়েছেন। এমনকী শ্রীসন্তের মেয়ে একবার তাঁকে দেখে রেগেমেগে বলে চাই না। তুমি আমার বাবাকে মেরেছ।” তারপরও সেই ঘটনা নিয়েই বিজ্ঞাপন করেছেন সত্য আপ থেকে বিজেপিতে যোগ দেওয়া সাংসদ।

# ভারসাম্য নষ্ট হবে! পুরোপুরি ফিট হয়েও চেন্নাই দলে ফিরতে চাইছেন না ধোনি!

চোট সমস্যা অতীত। এখন তিনি পুরোপুরি ফিট। কিন্তু তা সত্ত্বেও রবিবার গুজরাট টাইটান্সের বিরুদ্ধে আদৌ নামবেন কি মহেন্দ্র সিং ধোনি? প্রশ্নটা থেকেই যাচ্ছে। শোনা যাচ্ছে, খেলার ভারসাম্যের কথা মাথায় রেখে নাও খেলতে পারেন মাই। শেষ চারটি ম্যাচে তিনটি জয়ই পুষে বাদলে দিয়েছে চেন্নাই সুপার কিংসকে। আরও স্পষ্ট করে বললে, শেষ ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে ১০৩ রানে জয় চেন্নাইয়ের আত্মবিশ্বাস বাড়িয়ে দিয়েছে কয়েকগুণ। এই আত্মবিশ্বাস নিয়ে রবিবার আইপিএলে গুজরাট টাইটান্সের

বিরুদ্ধে নামছে চেন্নাই। তবে এই ম্যাচের আগে আলোচনার কেন্দ্রবিন্দুতে সেই ধোনি। চোটের জন্য চলতি আইপিএলে এখনও নামেননি চেন্নাইয়ের মহাতারকা। শনিবার চেন্নাইয়ের অনূর্ধ্বলেন প্রবলভাবেই তাঁর উপস্থিতি লক্ষ্য করা গিয়েছে। অনেকেই মনে করছেন, গুজরাটের বিরুদ্ধে হওয়াতে মাঠে নামার জন্য পুরোপুরি প্রস্তুত ধোনি। কিন্তু তিনি নামবেন কিনা সেটা এখন প্রশ্ন। ধোনি মনে করছেন, এই মুহূর্তে তাঁর দল দারুণ ছুদে রয়েছে। প্রথম একাদশে সকলেই মোটামুটি ফিট। এই অবস্থায় তিনি প্রথম একাদশে

চুকতে গেলে দলের ভারসাম্য নষ্ট হতে পারে। সেফেরে আজকের ম্যাচ নাও খেলতে পারেন মাই। অশ্বা ম্যানেজমেন্ট তাঁকে প্লে-অফের আগে নামিয়ে দিতে চায়। শেষ পর্যন্ত কী সিদ্ধান্ত হয় সেটাই দেখার। চেন্নাই ৭ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে লিগ টেবিলে পাঁচ নম্বরে রয়েছে। প্রতিক্রিয়া গুজরাট টাইটাল আবার শেষ চারটি ম্যাচের মধ্যে দুটি জিতেছে। হেরেছে দুটিতে। তারা সাত ম্যাচে ছয় পয়েন্ট নিয়ে রয়েছে সাত নম্বরে। দুটি দলই চাইছে ম্যাচ জিতে প্রথম চারে প্রবেশ করতে। যাতে প্লে-অফ খেলার সুযোগ পাওয়া যায়।

# শতরান করেও আক্ষেপ যাচ্ছে না বৈভবের, হায়দরাবাদের বিরুদ্ধে রাজস্থানের হারের জন্য নিজেকেই দায়ী করছে বৈভব

শনিবার আইপিএলে হায়দরাবাদের বিরুদ্ধে ৩৬ বলে শতরান করেছে বৈভব সুর্যবংশী। আইপিএলের ইতিহাসে এটি তৃতীয় দ্রুততম শতরান। তার পরেও দুঃখ যাচ্ছে না বৈভবের। যে শট খেলে সে আউট হয়েছে তা নিয়ে আক্ষেপ রয়েছে তার। বৈভবের মতে, তার জন্যই দলকে হারতে হয়েছে। ১৪তম ওভারে সাকিব খানের বলে ল্যান্স শট খেলতে গিয়ে আউট হয় বৈভব। ঠিক করে ব্যাট চালাতে পারেনি সে। ফলে বল প্যাডে আছড়ে পড়ে এবং বৈভব এলবিড্রিউ হয়ে যায়। ১০৩ রান করে ফিরে যায় বৈভব। ম্যাচের পর রাজস্থানের পোস্ট করার ভিডিওয়ে সে বলেছে, “আজ ভাল খেলেছি। কিন্তু ওই শটটা খেলা একেবারেই উচিত হয়নি। যে শটে আউট হয়েছি ওটা আমার স্বাভাবিক শটই নয়। আমি চেয়েছিলাম বাড়তি কিছু করতে। সেটার জন্য হয়তো ২০ রান কম হয়েছে আমাদের। আমি ক্রিকেট থাকলে ম্যাচের পরিস্থিতি অন্য রকম হতে পারত।” হায়দরাবাদের সঙ্গে প্রথম সাক্ষাতে প্রফুল্ল হিদের প্রথম বলে আউট হয়েছিল বৈভব। শনিবার সেই প্রফুল্লকেই চারটি ছয় মেরেছে সে। নিজের পরিকল্পনা নিয়ে বৈভব বলেছে, “বোলারের বিরুদ্ধে আমার স্বচ্ছ পরিকল্পনা ছিল। আগের ম্যাচে আউট হওয়ার পর অনেক কিছু চোখে পড়েছিল। সাধারণত আমি এ সব পাঞ্জা দিই না। কিন্তু যখন ব্যক্তিগত ভাবে

আমাকে কেউ কিছু বলে তখন সেটা প্রভাব ফেলে। বেশি কথা না বলে ব্যাট হাতেই জবাব দেওয়াটা ঠিক মনে করি।” সানরাইজার্স হায়দরাবাদ ম্যাচে ফিল্ডিং করার সময় শনিবার হ্যামস্ট্রিংয়ে টান ধরে বৈভব সুর্যবংশী। এক সতীর্থ এবং ফিল্ডিংয়ের সাহায্য নিয়ে মাঠ ছাড়ে রাজস্থান রয়্যালসের ওপেনার। ১৫ বছরের ক্রিকেটারের চোট নিয়ে উদ্বেগ তৈরি হয়। ম্যাচের পর রাজস্থানের ব্যাটিং কোচ বিক্রম রাঠোর অবশ্য ক্রিকেটপ্রেমীদের আশ্বস্ত করেছেন হায়দরাবাদের ইনিংসের চতুর্থ ওভারে বাউন্ডারি বাঁচানোর জন্য দৌড়ে গিয়েছিল বৈভব। সে সময় তার হ্যামস্ট্রিংয়ে

টান ধরে। পায়ের হাত দিয়ে দাঁড়িয়ে পড়ে বৈভব। রাজস্থানের ফিল্ডিংয়ে প্রাথমিক গুঞ্জয়ার পর বৈভবকে নিয়ে মাঠ থেকে বেরিয়ে যান। মাঠ ছাড়ার সময়ও বৈভব ভাল করে মাটিতে পা ফেঁপতে পারছিলেন না। আগামী ২৮ এপ্রিল পঞ্জাব কিংসের বিরুদ্ধে কী খেলতে পারবে ও কিশোর ব্যাটারকে নিয়ে তৈরি হয়েছে উদ্বেগ। ম্যাচের পর ম্যাচের পর রাঠোরকে প্রশ্ন করা হয় বৈভবের চোট নিয়ে। রাজস্থানের ব্যাটিং কোচ বলেছেন, বৈভবের হ্যামস্ট্রিংয়ে একটু ব্যথা লাগছিল। আপাতত ওকে ঠিকঠাকই মনে হচ্ছে। প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এখন ভাল

আছে। দু’এক দিনের মধ্যে পুরো ব্যাপারটা পরিষ্কার হয়ে যাবে। প্রাথমিক ভাবে গুরুতর কিছু নয় বলে মনে হচ্ছে। বৈভবের চোট গুরুতর হলে সমস্যায় পড়তে পারে রাজস্থান। বিহারের ব্যাটার বেশ ভাল ফর্মে রয়েছে আইপিএলে। ত্রুণাল হায়দরাবাদের বিরুদ্ধে ৩৭ বলে ১০৩ রানের ইনিংস খেলেছে। তার ব্যাট থেকে এসেছে ৫টি চার এবং ১২টি ছক। ৩৬ বলে শতরান পূর্ণ করে বৈভব। আইপিএলে দ্বিতীয় শতরান করার পাশাপাশি বিশ্বের কনিষ্ঠতম ক্রিকেটার হিসাবে টি-টোয়েন্টি ক্রিকেটে ১০০০ রানের মাইলফলকও স্পর্শ করেছে বৈভব।

# কেমন আছেন চোট পাওয়া এনগিডি?

ক্যাচ ধরতে গিয়ে ঘাড়ে চোট পেয়েছিলেন লুঙ্গি এনগিডি। দিল্লি কাপিতালসের জোরে বোলারকে মাঠ থেকে সরিয়ে দেওয়া হয় হাঙ্গামা। ঘাড়ে এবং মাথায় যন্ত্রণা নিয়ে হাঙ্গামা চলে ‘ভক্তি’ হওয়া এনগিডিকে নিয়ে তৈরি হয় উদ্বেগ। দক্ষিণ আফ্রিকা ক্রিকেটার নিজেই ক্রিকেটমহলের সেই উদ্বেগ কমিয়েছেন শনিবার দিল্লির রাজেশ নগরের ম্যাগ্ন পটেলেবাল ডর্ভি ক্যানো হয় এনগিডিকে। চোট পাওয়ার পর রবিবার সমাজমাগ্ন প্রথম প্রতিক্রিয়া জানিয়েছেন তিনি। এনগিডি লিখেছেন, “আপনাদের উদ্বেগের জন্য ধন্যবাদ। সব ভাল আছে।” তাঁর এই পোস্ট থেকে বোঝা গিয়েছে, পরিস্থিতি স্থিতিশীল। এনগিডির চোট কতটা গুরুতর তা জানা যায়নি। হাঙ্গামা

বিশেষ কিছু পরীক্ষা করানো হয়েছে প্রোটিন জোরে বোলারের। চিকিৎসকেরা অবশ্য শনিবারই জানান, ভয়ের কিছু নেই। ঘটনাটি ঘটে পঞ্জাব কিংসের ইনিংসের তৃতীয় ওভারের তৃতীয় বলে। অক্ষর পটেলেবাল বল প্রিয়ান্সু আরা তুলে মেরেছিলেন। পিছনের দিকে ছুটতে ছুটতে ক্যাচ ধরতে যান এনগিডি। ক্যাচ ধরতে পারেননি। তবে খারাপ ভাবে মাটিতে পড়েন। তাঁর মাথা মাটিতে সজায়ে ধাক্কা খায়। সঙ্গে সঙ্গে মাথা চেপে ধরে মাটিতে শুয়ে পড়েন তিনি। পরিস্থিতি বুঝে মাঠেই চিকিৎসকদের ডেকে নেওয়া হয়। দু’র থেকে দেখে মনে হয়েছিল, এনগিডি অচেতন হয়ে গিয়েছেন। মাঝে এক বার তাঁকে চোখ খুলতে দেখা গেলেও পর ক্ষণেই বন্ধ করে দেন। পরে চিকিৎসায় সাড়া দিতে দেখা যায় তাঁকে। তখনই

বোঝা গিয়েছিল তাঁর আর খেলা সম্ভব নয়। কিন্তু চোট কতটা গুরুতর সেটা তখন বোঝা যায়নি। এর পর মাঠে একটি অ্যান্থ্রালাস টুকতে দেখা যায়। এনগিডিকে তুলে নিয়ে যওয়ার জন্য আনা হয় একটি স্ট্রেচার। তবে সঙ্গে সঙ্গে তোলা দলেই এনগিডির শরীর শক্ত হয়ে গিয়েছিল। কোনও মতে তাঁকে স্ট্রেচারে করে অ্যান্থ্রালাস টুকতে দেখা যায়। এনগিডিকে ঘিরে দাঁড়িয়ে ছিলেন তাঁর জাতীয় দলের সতীর্থ ট্রিস্টান স্টার্স, ডেভিড মিলারেরা। পঞ্জাবের কোচ রিকি পন্ডিংকেও গভীর মুখে মাঠে ঢুকতে দেখা যায়। এনগিডিকে নিয়ে অ্যান্থ্রালাস মাঠ থেকে বেরিয়ে যাওয়ার পর ক্রীড়া আবার গুঞ্জন হয়। যিনি দিল্লির সতীর্থ ট্রিস্টান স্টার্স, ডেভিড মিলারেরা। পঞ্জাবের কোচ রিকি পন্ডিংকেও গভীর মুখে মাঠে ঢুকতে দেখা যায়। এনগিডিকে নিয়ে অ্যান্থ্রালাস মাঠ থেকে বেরিয়ে যাওয়ার পর ক্রীড়া আবার গুঞ্জন হয়। যিনি দিল্লির সতীর্থ ট্রিস্টান স্টার্স, ডেভিড মিলারেরা। পঞ্জাবের কোচ রিকি পন্ডিংকেও গভীর মুখে মাঠে ঢুকতে দেখা যায়। এনগিডিকে নিয়ে অ্যান্থ্রালাস মাঠ থেকে বেরিয়ে যাওয়ার পর ক্রীড়া আবার গুঞ্জন হয়। যিনি দিল্লির সতীর্থ ট্রিস্টান স্টার্স, ডেভিড মিলারেরা।

# রাজ্যে শুরু হল উত্তর পূর্বাঞ্চল লিটল মাস্টার ক্রিকেট আসর

ক্রীড়া প্রতিনিধি আগরতলা। উত্তর পূর্বাঞ্চল লিটল মাস্টার অনূর্ধ্ব ১৪ ক্রিকেট টুর্নামেন্টে এবছর আয়োজন করে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন। টুর্নামেন্টটি দ্বিতীয়বারের মতো অনুষ্ঠিত হলেও রাজ্যে মূলত প্রথম। প্রথমবার এই টুর্নামেন্ট অনুষ্ঠিত হয় আসামে। মোট সাতটি দলকে নিয়ে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক সূচনা হয় রবিবার আগরতলা এমবিবি স্টেডিয়ামে। মেঘালয়ের আসর কথা ছিল। কিন্তু তারা আসে নি।

আনুষ্ঠানিক উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সচিব সুরভ দে সহ অন্যান্য পদাধিকারীরা। উত্তর পূর্বাঞ্চলের মোট সাতটি দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। উদ্বোধনী দিনে দুটি ম্যাচ অনুষ্ঠিত হয়। একটি আগরতলা এমবিবি মাঠে এবং অন্যটি নরসিংপল পুলিশ ট্রেনিং মাঠে। এমবিবি মাঠে মুখোমুখি হয় আসাম বনাম অরুণাচল প্রদেশ। অন্যদিকে নরসিংগড় পুলিশ ট্রেনিং মাঠে নাগাল্যান্ড

বনাম মনিপুর এর ম্যাচ অনুষ্ঠিত হয়। টুর্নামেন্ট সম্পর্কে বলতে গিয়ে ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের সচিব সুরভ দেব বলেন, টুর্নামেন্টে অংশ নেওয়া সাতটি দল থেকে তিনজন করে বাছাই করা মোট ২১ জনকে পরবর্তীতে আসামে বিশেষ এক মাসের ট্রেনিং প্রদান করা হবে। এই প্রতিযোগিতার উদ্দেশ্য হল উত্তর পূর্বাঞ্চল থেকে জুনিয়র লেভেলের ভালো মানের ক্রিকেটার তুলে আনা।

